ন্হ **১৭৮-**সাহিত্য-পরিষদ্-গ্রন্থাবলী—সংখ্যা—৩১

বিষ্ণু-মূর্ত্তি-পরিচয়

(সচিত্র)

3962

এীবিনোদবিহারি কাব্যতীর্থ বিভাবিনোদ

কলিকাতা

২৪৩)১ অপার সাকু লার রোড, সাহিত্য-পরিষৎ-মন্দির হইতে শ্রীরামকমল সিংহ কর্তৃক প্রকাশিত। ১৩১৭



Printed by Jotish Chandra Ghosu 57, Harrison Road, Calcutta.



আমার প্রবন্ধের নামই প্রবন্ধের উদ্দেশ কতকটা বাক্ করিয়া দিতেছে। বিষ্ণু ব্রান্ধণাধর্মের ত্রিমূর্তির অন্ততম এক মূর্ত্তি। বৈদিক যুগ হইতে অবতরণ করিতে করিতে আমরা বিষ্ণুসম্বন্ধে নানারপ উপাথ্যান শুনিয়া আসিতেছি; কালের পরিবর্তনের সঙ্গে সঙ্গে তাঁহার বিবিধ নাম ও কার্য্য-কলাপের কাহিনী প্রচারিত হইয়া আদিতেছে। বিষ্ণু বলিতে কোনু দেবভাকে বুঝাইত, काहाटक आमजा 'छन्विटकाः शत्रमः श्रमः' विनिन्ना आमिछाम, छाहा অনেকদিন হইতেই অতীতের অন্ধকারময় অন্তরালে বিলীন অবস্থায় রহিয়াছে। এ প্রবন্ধের সে উদ্দেশ্য নহে যে এখন তাঁহাকে বর্ত্তমান করিয়া দেখান যাইবে। তবে পরবর্ত্তী যুগে যথন বিষ্ণু সাকার হইতে থাকিলেন, যথন কেশব নারায়ণ মাধব মধুহুদন ইত্যাদি বিবিধ নাম গ্রহণ করিতে থাকিলেন, তথন ८कमन इटेल ८कमेव इब्र. ८कमन इटेल नावाबन इब्र. इंड्यामित এक है। विवत्न क्रांस क्रांस मिनिवन इरेट थारक। দেই সব বিবরণের অনুসন্ধান করিয়া একস্থানে সন্নিবেশিত করিয়া কেশব নারায়ণ ইত্যাদির পরিচয়করণই প্রবন্ধর উদ্দেশ্য। আমি যতদুর সংগ্রহ করিতে পারিয়াছি এই প্রবন্ধে তাহা সন্নিবেশিত হইল। আমার প্রার্থনা,—এই অনুসন্ধানকার্য্যে

দেশের অনুস্থিৎস্থ মহাজনগণ যেন সহায়ত। করিয়া ইহাব কলেবর ক্রমে ক্রমে পুষ্ঠ করেন।

আমি নিমলিখিত গ্রন্থনিচর হইতে প্রমাণ সংগ্রহ করিয়াছি:— অগ্নিপুরাণ, পদ্মপুরাণ, হেমাদ্রি, শক্ত ক্ল ক্রম, বরাহমিহিরের বৃহৎসংহিতা, Cunningham's Numismatic Chronicle, বিষ্ণুপুরাণ ও মৎশ্রপুরাণ।

এ প্রবন্ধে বিষ্ণুমৃত্তির পরিচায়ক বিবরণ অনুসারে বিষ্ণুমৃত্তিকে
চারি ভাগে বিভক্ত করিয়াছি:— ২ম চতুর্বিংশতিমৃত্তি; ২য় চতুর্মৃ্তি; ৬য় বিশেষ মৃতি; ৪র্থ সাধারণ মৃতি।

চতুর্বিংশতিমৃত্তি—কেশব, নারায়ণ, মাধব, গোবিন্দ, বিফু, মধুস্থদন, ত্রিবিক্রম, বামন, শ্রীধর, হৃষীকেশ, পদ্মনাভ, দামোদর, বাস্থদেব, সঙ্কর্ষণ, প্রহায়, অনিক্রদ্ধ, পুরুষোত্তম, অধোক্ষক, নৃসিংহ, অচ্যুত, উপেক্র, জনার্দ্দন, হরি ও ক্বঞ।

চতুমূর্ ত্রি—বাস্থদেব, সঙ্কর্যণ, প্রহান্ন ও অনিরুদ্ধ।

বিশেষমূর্ত্তি বলিতে চতুর্ব্বিংশতিমূর্ত্তি ও চতুমূর্ত্তি ব্যতীত স্বতন্ত্ররূপে বর্ণিত অন্ত নামযুক্ত মূর্ত্তি অথবা তদ্ভুক্তনামযুক্ত মূর্ত্তি।

সাধারণমূর্ত্তি বলিতে যাহার কোন বিশেষ নাম নাই ও যাহা চতুর্বিংশতিমৃত্তির ও চতুমুর্তির অন্তর্গত নহে, অথচ যাহা বিফুমুর্তি।

এখন এখানে আমাকে একটা বিশেষ উল্লেখযোগ্য বিষয়ের কথা বলিতে হইবে। বিষ্ণুমূর্ত্তির পরিচায়ক প্রমাণ যতদ্র সংগ্রহ করিয়াছি, আশ্চর্যোর বিষয় তাহাদের এক একটার সহিত ফল্লরপে মিলাইয়া দেখিতে গেলে এমন বিষ্ণুমূর্ত্তি প্রায় দেখা বায়না, বাহা প্রমাণের সহিত ঠিক্ মিলিয়া যায়। কলিকাতার বায়বরে অনেক বিষ্ণুমূর্ত্তি আছে, কিন্তু আমার প্রবন্ধলিখিত

প্রমাণাবলীর সহিত কাহারও হক্ষমণে মিল হয় না। কয়েকথানি
প্রতিকৃতি এই প্রসঙ্গে প্রকাশ করিব; দেখাইয়া দিব, কোন থানিরই
সহিত হক্ষমণে কোন প্রমাণের মিল হইবে না। ইহার কারণ
যে কি তাহা নিশ্চিতরূপে বলা কঠিন। তবে আমার মনে হয় মৃর্ত্তিনির্মাতা স্থপতিরা বিজ্ঞুম্ত্তি নির্মাণের সময় শাস্ত্রবচন সন্মুখে ধরিয়া
রাখিত না। বিজ্ঞুর শঙ্খচক্রাদি ধারণক্রপ বাপোর সা ধারণতঃ
হিল্মাত্রেরই বিদিত, সেই সাধারণজ্ঞান অনুসারেই স্থপতিরা বোধ
হয় বিজ্ঞুত্তি নির্মাণ করিত। যাহাই হউক, প্রতিকৃতিগুলির বিবরণে
আমি মামার শাস্ত্রপ্রমাণের প্রধান অংশটুকুই গ্রহণ করিব; অর্থাৎ
যে মৃর্ত্তিতে যে প্রমাণের কোন প্রধান অংশ আছে বলিয়া দেখিব,
সেই মর্ত্তিকে সেই প্রমাণ স্বন্থারে সেই নামেই অভিতিত করিব।

()

অগ্নিপুরাণধৃত

চতুর্বিংশতিমূর্ত্তি

অগ্রিপুরাণের ৪৮ অধ্যায়ে বিষ্ণুর চতুবিংশতিপ্রকার মূর্ত্তির উল্লেখ দেখা যায়। যথা—

উরপ: কেশবঃ পদ্মশুচক্রগদাধর:।
নারাস্থান্ত শুজাপদাচক্রী প্রদক্ষিণম্॥ ১
ভতো গদী মাধ্রবো হরিশশুপদ্মী নমামি তম্।
চক্রকোমাদকীপদাশশ্বী প্রোবিক্ত উর্জিত:॥ ২

মোকদ: এগদী পদ্মী শন্ধী বিস্তুপ্ত চক্ৰধৃক্। শৰ্চক্ৰান্তগদিনং অপুস্তুদ্ৰমানমে॥ ৩ ভক্তা ত্রিবিক্রমঃ পদাগদী চক্রী চ শঙ্খাপি। শহুচক্রগদাপদ্মী বামনঃ পাতু মাং সদা॥ ৪ গতিদঃ শ্রীপ্র**র**ঃ পদ্মী ১চক্রশার্সী চ শন্ধ্যপি। হ্বহীকেশো গদাচক্রী পদ্মী শধ্মী চ পাতু নঃ॥ ৫ বরদঃ পদ্মনাভক্ত শঙ্খাজারিগদাধর:। দোমোদ্রঃ প্রশৃত্ত্বগাচক্রী ন্যামি তম॥ ৬ তেনে গদী শঙ্খচক্ৰী বাস্ফুদেবোংজভৃজ্জগৎ। সহ্বৰ্ষপো গদী শৰ্মী পদ্মী চক্ৰী চ পাতৃ ব:॥ ৭ গদী চক্রী শঙ্কাগদীং প্রান্ত্যুক্ষণ্ণ প্রভূং। অনিব্ৰহ্মশ্চক্ৰগদী শন্ধী পদ্মী চু পাতৃ নঃ॥ ৮ স্বংশাংৰ্যজশ্ভাঢ়াঃ শ্ৰীগদী পুৰুষেশত সং। অশ্লোক্ষজঃ পদ্মগদী শন্ধী চক্ৰী চ পাতু ব:॥ ৯ দেবো ভূজিৎহশ্চক্রাজগদাশ্খী নমামি তম্। অচ্যুতঃ গ্রীগদী পদ্মী চক্রী শঙ্মী চ পাতৃ ব:॥১० বালরপী শঙ্খগদী উপ্পেক্তকপদ্যাপি। জনার্দ্দন: পদ্মচক্রী শঙ্খধারী গদাধর: ॥ ১১ শুৰ্মী পদ্মী চ চক্ৰী চ হব্লিঃ কৌমোদকীধর:। ক্র-ম্বঃ শঙ্মী গদী পদ্মী চক্রী মে ভুক্তিমুক্তিদ: ॥ ১২

উপরে ও নিমে উদ্ত শোক মধো 'অরী' শব্দে অর্যুক্ত চক্র বুঝাইতেছে।

⁽১) পাঠান্তর—চক্রগদা**থ** শখ্যাপি।

⁽২) পাঠারর—শঙাপদাী।

উল্লিথিক পৌরাণিক শ্লোকাবলি অনুসারে চতুর্বিংশতিপ্রকার বিকুম্র্ত্তির নিম্লিধিত চতুর্বিংশতি নাম:

(১) কেশব (২) নারায়ণ (৩) মাধব (৪) গোবিন্দ (৫) বিয়ু (৬) মধুস্থান (৭) ত্রিবিক্রম (৮) বামন (৯) শ্রীধর (১০) হ্ববীকেশ (১১) পদ্মনাভ (১২) দামোদর (১০) বাম্বদেব (১৪) সঙ্কর্বণ (১৫) প্রভাষ (১৬) অনিক্রদ্ধ (১৭) পুক্রোভ্রম (১৮) অধোক্ষদ্ধ (১৯) নৃদিংহ (২০) অচ্যত (২১) উপেক্র (২২) জনার্দ্দন (২৩) হরি (২৪) ক্রম্বঃ।

অধিপুরাণের মতে উলিখিত চ চুর্বিংশতি প্রকার বিফুম্র্তিতে
শব্দচক্রগদাপদ্মের স্থাপনামুদারে তত্ত্যুর্ত্তির পরিচর করিতে
হইবে। উলিখিত শ্লোকাবশির প্রথম শ্লোকস্থিত "প্রদক্ষিণম্"
এই কথাটী অপরাপর দকল শ্লোকেই গ্রহণ করিতে হইবে।
"প্রদক্ষিণম্" এর মর্থ দক্ষিণদিক্ হইতে, অর্থাৎ, সম্মুধে দণ্ডায়মান
চতুর্ত্ত বিজুম্র্ত্তির দক্ষিণদিকের অবংস্থ হস্ত হইতে আরম্ভ করিয়া। তাহা হইলে প্রত্যেক মৃর্ত্তির শঙ্পাদিস্থাপনার ক্রম
নিম্নণিধিত্রপ হইতেছে।

নাম	पिक्न ांधः	निकर्गार्क	বামোর্দ্ধ	বামাধ:
১। কেশব	পদ্ম	*	চক্র	গদা
২। নারায়ণ	*	পদ্ম	গদা	চক্র
৩। মাধ্ব	গদা	চক্র	*	পদ্ম
৪। গোবিন্দ	55		পদ্ম	ME
ে। বিষ্ণু	গদা	শ্ম	ME	চক্ৰ
৬। মধুসূদন	শ্ৰ	6ক	পদ্ম	- গদা

নাম	मिक्कांधः	मक्तिर गर्क	বামোর্দ্ধ	বামাধঃ
৭। ত্রিবিক্রম	পদ্ম	গদা	চক্ৰ	46
৮। বামন	*	চক্র	পদ্ম	গদা
৯। শ্রীধর	পদ্ম	চক্র	শাঙ্গ ধন্ত	শঙ্ধ
অথবা পাঠান্তর- মতে	} পন্ম	চক্র	গদা	শঙ্থ
১০। স্বধীকেশ	গদা	ह क	পদ্ম	শঙ্থ
১১। পদ্মনাভ	শঙ্থ	পদ্ম	5	গদা
>२। नाटमान्त्र	পদ্ম	শঙ্থ	গদা	<u>চ ক্র</u>
১৩। বাহ্নদেব	গদা	শঙ্থ	চক্র	পদ্ম
১৪। সক্ষণ	গদা	শঙ্থ	পদ্ম	Б क
১৫। প্রহায়,	গদা	চক্ৰ	শঙ্ খ	পদ্ম
১৬। अनिकृक	Б क	গদা	শঙ্থ	পদ্ম
১৭। পুরুষোত্তম	চক্	পদ্ম	শঙ্থ	গদা
১৮। অধোকজ	পন্ম	গদা	শঙ্থ	5 4
১৯। নৃসিংহ	চক্র	পদ্ম	গদা	শঙ্থ
২ ০। অ চ্যুত	গদা	পদ্ম	চক্র	শঙ্থ
২১। উপেক্র	শঙ্থ	গদ।	- চক্র	পন্ম
२२। खनार्चन	পদ্ম	চক্র	শঙ্থ	গদা

⁽১) প্রহ্যান্তর পরিচারক গ্রোকাংশটীর মূলে ধৃত ও পাঠান্তরে ধৃত উভয়বিধ পাঠেই পোল আছে। মূলে ছবার "ক্ষী" কথার অর্থ হয় না। পাঠান্তরের পাঠ ধরিলে "পল্লভ্ন" এর অর্থে ক্ষিত্রীল বাধে। (২) ই'হাকে বালরূপী বলা ইইহাছে। বালরূপী বলিতে মনে হয়

উপেন্সের মূর্ত্তিতে স্থপতি যেন বালভাব মাধাইয়া রাখেন।

নাম, দক্ষিণাধঃ দক্ষিণোর্জ বামোর্জ বামাধঃ ২০। হরি শঙ্থ পদ্ম চক্র পদা ২৪। কৃষ্ণ^১ শঙ্থ গদা পদ্ম চক্র

এই গেল মূলমূর্ত্তির বর্ণনা। মূলমূর্ত্তি কথনও একাকী কথনও বা দঙ্গিদমেত দৃষ্ঠ হইয়া থাকেন। এখানে এই সকল মূর্ত্তির সমভিব্যাহারীর কোন উল্লেখ না থাকিলেও প্রতিমায় তাহার উপস্থিতি দেখিলে অন্তান্ত প্রমাণোলিখিত বিঞ্র সমভিব্যাহারী অনুসারেই তাহাদের পরিচয় করিয়া লইতে হইবে।

(२)

প্লপুরাণধৃত

চতুর্বিংশতিমূর্ত্তি

পদ্মপুরাণে ৭৮ অধ্যায়ে আবার নিয়লিখিতরূপ বিঞ্র চভূর্বিংশতি ষ্ঠির পরিচায়ক বর্ণনা দেখা যায় ।

কেশবাদেশ্চভূবাহো দক্ষিণােজ্করক্রমাৎ ॥ ১৬
শঙ্থচক্রগদাপন্নী কেশবাখ্যো গদাধর: ।
নারাস্থান্ত পদাগদাচক্রশঙ্থায়ুধৈ: ক্রমাৎ ॥ ১৭
মাধ্বশচক্রশঙ্থাভাাং পদাের গদার ভবেং ।
গদাজশঙ্ধী চক্রী বা পােবিক্রশাের বৈ নম: ।
সশঙ্থারিগদিনে বিস্থুক্রপায় বৈ নম: ।
সশঙ্থাজগদাচক সঞ্সমুদ্রন মৃর্ভরে ॥ ১৯

⁽১) এ কৃঞ্বিফুর রূপান্তর মাত্র; ইনি বাঁকা মুরলীধর শ্রীকৃষ্ণ নহেন।

নমো গদারিশঙ্খাজ-যুক্ত তিবিক্রমায় চা সারিকোমোদকীপলণঙ্থ বা মন-মূর্ত্রে॥২• চক্রাজণঙ্ধগদিনে নমঃ ত্রীপ্র-মূর্ত্তরে। হৃত্যীকেশ সারিগদাশঙ্খপদিন্ নমোহস্ত তে॥ २১ শাজণঙ্থগদাচক্র পাতানাভ সমূর্ত্তমে। দোমোদর শঙ্থগণাচক্রপদ্মিন নমোহস্ত তে॥ ২২ শঙ্খাজচক্রগদিনে নমঃ সক্কর্মবাস্থা চ। সারিশঙ্থগদাজায় বাস্দেব নমোহস্ত তে॥ ২৩ শঙ্থচক্রগদান্তাদিধত প্রাত্মত্র স্করে। নমোহ নিব্ৰুকাষা গদাশঙ্খাজারিবিধারিণে ॥ ২৪ দাজণঙ্থগদাচক পুরুত্বো ভ্রম-মূর্তমে। নমোহ হোক্ত জেলায় গদাশঙ থারিপদ্মিনে॥ ১৫ ন্র সিৎহ-মূর্ত্তরে প্রাগদাশঙ্খারিধারিণে। পদারিশঙ্থগদিনে নমোহস্ক চ্যু তম্ র্থে ॥ ২৬ গদাজারিদশঙ্থায় নমঃ 🗃 ক্ল স্ত্রসূর্তয়ে।

পুরাণকারের উদ্দেশ্য চতুর্বিংশতি প্রকার মৃর্তির কথাই বলা।
মৃলে কিন্তু উপেক্র জনার্জন ও হরি এই তিন মৃর্তির বর্ণনা নাই।
মন্তবতঃ লিপিকরপ্রমাদে ইহা ঘটিয়া থাকিবে। প্লপুরাণের
ক্রম দক্ষিণোর্জ হস্ত হইতে আরম্ভ করিয়া। তাহা হইলে শঙ্খাদি
স্থাপনা দাঁছায় এইরূপ:—

নাম	দক্ষিণোর্দ্ধ	বামোর্দ্ধ	বামাধঃ	मिक्क नांधः
১। কেশ্ব	শঙ্থ	চক্র	গদা	পদ্ম
২। নারায়ণ	পদ্ম	গদা	চক্র	শঙ্খ
৩। মাধব	क व	শঙ্থ	পদ্ম	গদা

	দক্ষিণোর্দ্ধ	বামোর্দ্ধ	বামাধঃ	দক্ষিণাধঃ
				চক্র
৪। গোবিন্দ	গদা	পদ্ম	শঙ্থ	
৫। বিষ্ণু	পদ্ম	শঙ্থ	<u>क</u>	গদা
७। मधुरुषन	শঙ্থ	পদ্ম	গদা	চক্র
৭। ত্রিবিক্রম	গদা	চক্র	শঙ্ধ	পদ্ম
৮। বামন	চক্র	গদা	পদ্ম	শঙ্থ
৯। শ্রীধর	কত্র	পদ্ম	শঙ্থ	গদা
১০। হয়ীকেশ	5 5	গদা	শঙ্থ	পদ্ম
১১। পদানাভ	পদ্ম	শঙ্থ	গদা	চক্র
১২। দামোদর	শঙ্ধ	अम्	চক্র	পদ্ম
১৩। সম্বৰ্ধণ	শঙ্থ	পদ্ম	6 @	গদা
১৪। বাহুদেব	চক্র	শঙ্থ	গদা	পদা
১৫। প্রহায়	শৃঙ ্থ	চক্র	stat	পদা
১৬। অনিক্ৰ	গদা	শঙ্থ	পদ্ম	চক্র
১৭। পুরুষোত	ম পদা	শঙ্থ	গদা	চক্র
১৮। অধোক	জ গদা	শঙ্থ	চক্র	পদা
১৯। নৃসিংহ	পদ্ম	গদা	শঙ্থ	চক্র
২৽। অচ্যুত	পদ্ম	চক্র	শ ঙ ্থ	গদা
२১। कृष्	গদা	পদ্ম	চক্ৰ	শঙ্খ
		c c-		கின் கின

এই পদ্মপুরাণবর্ণিত মৃর্তিগুলির মধ্যে মধুস্দন, ঞীধর, ফ্রনিকেশ, পদ্মনাভ, বাস্থদেব, প্রহায় ও নৃসিংহ ইহাদের শঙ্খাদি স্থাপনা অগ্নিপুরাণের ৪৮ অধ্যায় কথিত স্থাপনা হইতে পৃথক্। অতএব ইহাদের মূর্ত্তিপরিচয় করিতে হইলে আমাদিগকে এই উভয় পুরাণোক্ত বর্ণনার উপরই নির্ভির করিতে হইবে। যে মূর্তি ধাহার

সহিত মিলিবে, তদমুসারেই তাহার নামকরণ করিতে হইবে। পদ্মপুরাণোক্ত কেশব ও প্রহার শঙ্ধাদি ধারণে অভিন্ন, অতএব ব্বিতে হইবে ইহাতেও কোনরূপ লিপিকর প্রমাদ ঘটিয়া গিয়াডে।

(0)

হেমাদিগ্নত

চতুর্বিংশতিমূর্ত্তি

দিদার্থণংহিতায়াম্

বাস্দেবো গদাশঙ্থচক্রপদধরো মতঃ।
পদাং শঙ্খং গদাং চক্রং ধতে নারাহানীর কমাং॥
গদাং চক্রং তথা শঙ্খং পদাং বহতি সাম্রার্থ।
চক্রং পদাং তথা শঙ্খং গদাঞ্চ পুরুব্যান্ত সঃ॥
পদাং কোমোদকীং শঙ্খং চক্রং ধতে প্রস্থান্ত করঃ।
সক্র্র্রেপা গদাশঙ্খপদাচক্রধরঃ স্মৃতঃ॥
চক্রং গদাং পদাশঙ্খে পোরিস্কো ধরতে ভূজৈঃ।
গদাং পদাং তথা শঙ্খং চক্রং বিস্কুর্বিভর্তি যঃ॥
চক্রং শঙ্খং তথা পদাং গদাঞ্চ সপুসুদ্দনঃ।
গদাং সরোজং চক্রঞ্চ শঙ্খং ধতেই চুক্তঃ সদা॥
পদাং কোমোদকীং চক্রসুদ্রেস্কিল শঙ্খ্যদ্বহেং।
চক্রশঙ্খগদাপদ্বরঃ প্রস্কুর্তিভিত্ত॥
পদাং কোমোদকীং শঙ্খং চক্রং ধতে ক্রিব্রিক্রার।
শঙ্খং চক্রং গদাং পদাং বাসিনো বহতে সদা॥

পদাং চক্রং গদাং শঙ্খং প্রাপ্র ব্যা ধরতে ভ্রৈঃ।
চক্রং পদাং তথা শঙ্খং নর সিং হো বিভন্তি য়:॥
পদাং স্থাননং শঙ্খং গদাং ধতে জ্যার্শিনার।
অনিক্রাক্রণচক্রগদাশঙ্খপদালসন্ভূজঃ॥
স্বাক্রিকেশো গদাং চক্রং পদাং শঙ্খঞ্চ ধারমেং।
পালনাতে বহছেঙ্খং পদাং চক্রং গদাং তথা॥
পদাং চক্রং গদাং শঙ্খং ধতে সোমোরস্বা।
শঙ্খং চক্রং সনোদক্র গদাং বহতি যোহ বিলঃ॥
শঙ্খং কোমোদকীং পদাং চক্রং বিস্ত্রবিভর্তি য়:।
এতাশ্চ মৃপ্তয়ো জেয়া দক্ষিণাধ্যকরক্রমাং॥
(ব্রতখণ্ড ১ম অধ্যাস্যানক্রীয় এদিয়াটিক দোদাইটার

(ব্ৰত্থপ্ত ১ম অধ্যায়—বঙ্গীয় এদিয়াটিক দোদাইটার মুদ্রিত—১১৪-১১৫ প**ত**্র

হেমাজিথত সিদ্ধার্থসংহিতার উক্ত শ্লোকাবলীতে চতুর্বিংশতি হলে দাবিংশতি মৃত্তির নাম পাওয়া যায়। বিফুর নাম বারদ্বয় উল্লিখিত থাকায় অয়োবিংশতি হয় মাঅ। এ দোষও বোধ হয় লিপিকর প্রমাদে ঘটয়া আসিতেছে। বিশুদ্ধ হস্তলিখিত পুস্তক যদি পাওয়া যায়, তাহা হইলে হয়ত এ দোষ সংশোধিত হইয়া যাইতে পারে।

দক্ষিণাধঃকরক্রমাত্মারে শঙ্থাদি স্থাপন করিলে সিদ্ধার্থ-সংহিতার চতুর্বিংশতি মূর্ত্তি নিম্নলিখিতরূপে পরিচিত হইতে পারে—

নাম	দক্ষিণাধঃ	দক্ষিণোৰ্দ্ধ	বামোর্দ্ধ	বামাধ:
১। বাহ্নদেব	গদা	শঙ্থ	চক্ৰ	পদ্ম
২। নারায়ণ	পদ্ম	শঙ্খ	গদা	চক্র
৩। মাধ্ব	গদা	চক্র	শঙ্থ	পদ্ম

নাম	मिक्निप	म किर्णार्क	বাথোদ্ধ	, বামানঃ
৪। পুরুষোত্ত	ম চক্র	পদ্ম	শঙ্খ	গদা
৫। অধোক্ষজ	পদ্ম	গদা	শঙ্খ	54
७। मक्षर्वन	গদা	শঙ্ঝ	পদ্ম	চক্র
१। (भाविन	চক্র	গদা	পদ্ম	শঙ্থ
৮। विक्	গলা	পদ্ম	শঙ্থ	চক্র
२। मध्रमन	চক্র	শঙ্খ	পদ্ম	গদা
১০। অ চ্যুত	stat	পদ্ম	চক্	শঙ্ঝ
১১। উপেক্র	পদ্ম	গদা	চক্র	শঙ্ঝ
১২। প্রহায়	চক্র	শঙ্থ	গদা	পদ্ম
১০। ত্রিবিক্রম	পদ্ম	গদা	শঙ্থ	<u>চ</u> ক
১৪। বামন	শঙ্খ	5ঞ	গদা	পদ্ম
১৫। শ্রীধর	পদ্ম	5 4	গদা	শঙ্খ
১৬। নরসিংহ	53	পদ্ম	শঙ্খ	
२१। जनार्धन	পৃদ্ধ	চক্র	শঙ্খ	গদা
३४। अनिक्ष	চক্ৰ	গদা	শঙ্খ	পদ্ম
১৯। স্ব্যীকেশ	গদা	চক্র	পদ্ম	শঙ্খ
২০। পদ্মনাভ	শঙ্খ	পদ্ম	চক্র	গদা
२)। नारमान्त्र	পদ্ম	চক্র	- গৰা	শঙ্খ
२२। इति	শঙ্থ	চক্র	পদ্ম	গদা
২৩। বিষ্ণু	শঙ্থ	গদা	পদ্ম	চক্র
0 1 6				

সিদ্ধার্থসংহিতার এই বর্ণনায় অধোক্ষক্তে ও ত্রিবিক্রমে এবং পদাং কোমোদকাং শাল প্রতিষ্ঠান বিভেদ নাই।

চতুমূ র্ত্তি

পূর্ব্বোক্ত চ ভূবিংশতি মৃত্তির মধ্যে ব্যস্থদের সঙ্কর্যণ প্রাত্তন্ত ও বিক্তব শাস্ত্রে বিশেষরূপ উপাসনার উল্লেখ দেখা যায়। ভাই চ ভূর্ম্বৃর্তিনামে ইংলাদের একটা স্বতন্ত্র অধ্যায় করা হইল।

বাস্থদেব

(ক) শদকল্পম-কথিত কালিকাপুরাণ ৮২ অধ্যান্ত্রিত শ্লোকাবলি অনুসারে বাস্ত্রেবকে দেখা যান্ন—

পূর্ণচন্দ্রোপমঃ শুরুঃ পক্ষিরাজোপরি স্থিতঃ।
চ চূর্ভ্ ক্ষঃ পীতবহৈ ক্রিভিঃ দংবীতদেহত্ব।
দক্ষিণোর্দ্ধে গদাং ধত্তে তদধো বিকচাক্ষম্।
বামার্দ্ধে চক্রমত্যুগ্রং ধতেহধঃ শঙ্ধমেব চ।
শ্রীবংসবক্ষাঃ সভতং কৌস্তভং হদি চাদ্ভূত্য্।
ধত্তে কক্ষে হধো বামে তৃণীরং বাশপুরিতম্।
দক্ষিণে কোষগং থড়গং নলকং সশরাসনম্।
শীর্ষে কিরীটং সভ্যোতং কর্ণরোঃ কুগুলম্বম্।
আজাক্রমিনীং চিত্রাং স্বর্ণমালাং গলস্থিতাম্।
দধানং দক্ষিণে দেবাং শ্রিমং পার্শ্বে তৃ বিত্রতম্।
সরস্বতীং বামপার্শে চিস্তর্দ্ধে বহদং হরিম্।
(শক্ষম্প্রত্মে বাস্থ্যেব দুইব্যু)

কালিকাপুরাণের বাস্থদেবে ও অগ্রিপুরাণ পলপুরাণ ও

হেমাজিগৃত দিদ্ধার্থ-দংহিতার বাস্তদেবে অপরাপর পার্থকা ছাড়িয়া দিলেও শঙ্খাদি স্থাপনারই পার্থকা দেখা যায়।

কালিকাপুরাণের বাস্থদেব দক্ষিণাধঃ পদ্ম, দক্ষিণোর্দ্ধে গদা, বামোর্দ্ধে চক্রদ, বামাধঃ শঙ্ধ ধারণ করিয়া থাকেন। এরপ ক্রমে অগ্নিপুরাণাদির কাহারও বাস্থদেব শঙ্থাদি ধারণ ক্রেন না। এই বাস্থদেবকে চিনিতে হইলে ইহাঁর অপরাপর বর্ণনা হইতে চিনিতে হইবে।

(থ) শব্দকরজনের উল্লেখাত্সারে বাস্থদেবের আর এক প্রকার মূর্ত্তি দেখা যায়। যথা—

নীলোৎপলদলখামং তথৈব চ চহুভূজিম্।
দক্ষিণোর্দ্ধে স্থিতং পদাং গদাঞ্চাধঃ প্রচোদ্ধেৎ॥
বামেংধ*চক্রমতুলমূর্দ্ধে শঙ্খঞ্চ বিত্রতম্।
চিস্তম্মেদ্ বরুদং দেবং সর্ব্যন্যক্ত পূর্ব্ববৎ॥

শক্করজ্ম বলেন ইহাও কালিকাপুরাণের ৮২ অধ্যায়ের। ইহাতে দেখা যায়—

> দক্ষিণাধঃ দক্ষিণোদ্ধ বামোদ্ধ বামাধঃ গদা পদ্ম শভা চক্র

কালিকাপুরাণের এই উভয়বিধ বাস্থদেবের মধ্যে প্রথমোক্ত ৰাস্থদেবের শঙ্খাদি স্থাপনা অগ্নিপুরাণের ত্রিবিক্রমের অন্তর্মপ ইইলেও কালিকাপুরাণের বাস্থদেব "পক্ষিরাজ্ঞোপরি হিতঃ" ইহা থাকায় এবং থজা তীর ও ধনুক ধারণ করায় ত্রিবিক্রমের সহিত ইহাঁর মিশিয়া ধাইবার সম্ভাবনা নাই। (গ) দক্ষিণেক্ষে গদ। বামে বামোর্কে চক্রমুত্তমম্॥ ১০ ব্রক্ষেণো পার্খগো নিত্যং বাস্থদেবোহস্তি পূর্ববং।

অগ্নিপুরাণের ৪৯ অধ্যায়ে এই একরপ বাস্থদেব দেখা যায়।
উভয় শ্লোকের অর্জাংশ লইয়া জাত এই শ্লোকের অর্থ একটু
গোলমেলে। ইহার "বামে" এই শক্টির অর্থ সমস্তাময়।
আমি ইহার এইরপ অর্থ করিঃ—বাস্থদেব কি প্রকার ? না
তাঁহার নিত্যপার্শ্বরে ব্রহ্মা ও ঈশ (মহাদেব); আর তিনি
দক্ষিণোর্দ্ধ হস্তে ধরেন গদা, ও বামোর্দ্ধে ধরেন চক্রে, এবং বামে
(বামশন্দের অর্থ প্রতিকূল ধরিয়া) কি না বামোদ্ধের প্রতিকূল
হস্তে অর্থাৎ বামাধোহস্তে ধরেন 'পূর্ববং" অর্থাৎ ৪৮ অধ্যায়ে বণিত
বাস্থদেব মৃত্তির মত বামাধোহস্তে ধরেন পদা। এই বর্ণনায়
শন্তোর কোন উল্লেখ, দেখা যায় না। ইহার মতে বাস্থদেব
হইতেছেন এইরপ ঃ—

দক্ষিণাধঃ দক্ষিণোদ্ধ বামোদ্ধ বামাধঃ

 পদা চক্র পদা

এখানকার এই "বামে" শক্টি "বামোদ্ধে" শক্তেরই সহিত্ত অবিত বলিবার হেতু এই যে "দক্ষিণাদ্ধে"' শক্তের সহিত্ত ইহা লাগাইতে গেলে "পূর্ববং"এর অর্থ হয় না। "পূর্ববং"এর অর্থ হয় না। "পূর্ববং"এর অর্থ হয় না। "পূর্ববং"এর অর্থ ধখন ৪৮ অধ্যায়ে বর্ণিত বাস্থদেবমূর্ত্তির মত,—ইহা বাতীত অক্ত অর্থ দক্ষত হয় না,—তথন দক্ষিণাদ্ধের বামে অর্থাৎ দক্ষিণাধো হত্তে "পূর্ববং" বলিলে দেই গদাই আসিয়া পড়ে (উল্লিখিত তালিকা দ্বন্থবা)। স্কৃত্রাং (গ) নিয়মান্যায়িক বাস্থদেব মূর্তির দক্ষিণাধো হত্তে কিছুই দেওয়া চলে না।

(থ) দক্ষিণে তু করে চক্রমধন্তাৎ পদ্মনেব চ।
বাবে শৃজ্ঞাং গদাধন্তাৎ বাস্ত্রেবস্থা লক্ষণাং ॥ ৪৭
শ্রী-পৃষ্টী চাপি কর্ত্তব্যে পদ্মবীণাকরাথিতে।
উক্রমাক্রোচ্ছ্রিতায়ামে———॥ ৪৮

অগ্নিপুরাণের ৪৪ অধ্যায়ে এই আর একরূপ বাস্থদেব মূর্ত্তি দেখিতে পাওয়া যায়। যথা—

> দক্ষিণাধঃ দক্ষিণোর্দ্ধ বামোর্দ্ধ বামাধঃ পদ্ম চক্র শুভা গদা

এই বাস্থদেব কিন্ত চতুর্বিংশতিপ্রকার বিষ্ণু মৃত্তির অন্তর্গত জনাদিন মৃত্তির অন্তর্গপে পদ্মাদি ধারণ করিয়া আছেন। তাঁহাতে আর ইঁহাতে প্রভেদ করিবার সময় আমাদের এই বাস্থদেবের সন্ধিনী হুটিকে স্মরণ করিতে হইবে। পদাহন্তা প্রি ও বীণাহন্তা পৃষ্টি বাঁহার পার্শ্বে দণ্ডায়মান থাকিবেন, তিনি জনাদিনের মত পদ্ম চক্র শঙ্ম ও গদা ধারণ করিয়া থাকিলেও তাঁহাকে আমরা বাস্থদেব বলিয়াই বিবেচনা করিব। অন্তথা তিনি জনাদিন।

(%) পদ্মপুরাণে পাতাল থণ্ডের ৭৮ অধ্যায়ে আমরা কিন্তু আর এক বাহ্মদেবকে পাই, যাঁহার পদ্মাদি ধান্ন। অগ্নিপুরাণের ৪৮ অধ্যামবর্ণিত জনাদিনের অনুরূপ। যথা—

কেশবাদেশ্চত্র্বাহেগ দক্ষিণোর্জকরক্রমাৎ ॥ ১৬

সারিশভাগদাকায় বাহ্নদেব নমোহস্ত তে॥ ২৩

এই বচনাত্মারে এই বাহুদেব দক্ষিণোর্করক্রমে চক্র শঙ্খ গ্লা ও পল্মবিশ্বা থাকেন। তাহা হইলে ইনি হইলেন:—

> দক্ষিণোদ্ধ বামাধঃ দক্ষিণাধ চক্র শঙ্ধ গদা পল

এইরূপ চক্রাদি স্থাপনাই জনার্দ্ধনের হইবে বলিয়া অগ্নি-পুরাণ বলিয়া থাকেন। অগ্নিপুরাণের জনার্দ্ধন, দক্ষিণাবর্কে

> দক্ষিণাধঃ দক্ষিণোর্ক বামোর্ফ বামাধঃ পদ্ম চক্র শঙ্থ গদা

পদ্মপুরাণ কোন সঙ্গীর উল্লেখ করেন নাই যে তাহার বলে ইহার সামঞ্জন্ম হইতে পারে। স্থতরাং ক, থ, গ ও ঘ বাস্থদেব-মূর্ত্তি ভিন্ন যদি এমন মূর্ত্তি পাওয়া যায় যে তাহা ও অনুদারে বাস্থদেব ও অগ্নিপুরাণের ৪৮ অধ্যায়ানুসারে জনার্দ্দন, সেখানে গোলমাল থাকিয়াই গেল।

(চ) পদ্মপুরাণে ভূমিপণ্ডের ৮৬ অধ্যায়ে আর এক বাস্থ-দেবকে দেখিতে পাওয়া যায়। যথা—

স তন্মাদ্ বাহ্নদেবেতি উচ্যতে মম নন্দনঃ॥ १৯

প্র্যাতেজ্ঞ:-প্রতীকাশং চত্র্বাহ্ণ স্থরেশ্বর্ম ॥ ৮০
দক্ষিণে শোভতে শঙ্ধো হেমবৃত্ধ-বিভ্বিতঃ।
প্র্যাবিষসমাকারং চক্রং পদ্ম-প্রতিষ্ঠিত্ম ॥ ৮)
কোমোদকী গদা তক্ত মহাস্থরবিনাশিনী।
বামে চ শোভতে বংস করে তক্ত মহাত্মনঃ॥ ৮২,
মহাপদ্মং তু গদ্ধাচ্যং তক্ত দক্ষিণহক্তগ্ম,।

এই বাস্থানের দক্ষিণ হস্তব্বরে (উর্জ বা অধঃ তাহার নির্দেশ নাই)
ধরেন শঙ্থ এবং পদা, ও বামহস্তব্বরে গদা ও চক্র। ইহার
বিশেষজ এই বে ইহার চক্র পদাের উপর থাকিবে ও তাহা স্থাবিস্নের মত উজ্জল ও গোলাকার হইবে, এবং ইহার শঙ্থও
হেমরত্বে বিভূষিত হইবে।

(ছ) অগ্নিপুরাণের ৪৯ অধ্যায়ে এক দ্বিভূজ বাস্থদেব দেখিতে পাওয়া ধায়। গ বাস্থদেবের বচনের সহিত সে প্রমাণটি একতা গ্রথিত। যথাঃ—

> দক্ষিণোর্জে * * পূর্ববং। (গরাস্থদেব দ্রষ্টবা) শঙ্ধীস বরদো বাথ দ্বিভূজো বা * *॥১১

এক হাতে শঙ্থ ও অপর হাত বরদ। এই শ্লোকাংশে ছটি ৰা' এর ভাল অর্থ হয় না।

(क) হেমাজি বিষ্ণুধর্মোত্তর হইতে বাস্থদেবের এক বিস্তৃত বর্ণনা তাঁহার গ্রন্থে সন্নিবেশিত করিয়াছেন। যথা:—

একবক্ত শত্বিহিঃ সৌমারপঃ স্থদর্শনঃ।
পীতাশ্বশচ মেঘাভঃ সর্বাভরণভূষিতঃ॥
কঠেন শুভদেশেন কছ্তুল্যেন রাজতা।
বরাভরণযুক্তেন কুগুলোত্তরভূষিণা॥
ভিরদা কৌস্ততং বিত্রং কিরীটং শিরদা তথা॥
শিরঃপদ্মস্তবৈবাস্থ কর্ত্তবাদ্যক্ষকর্ণিকঃ।
পৃষ্টিশ্লিষ্টাশ্বতভূজস্তম্ভাত্রনধাস্ত্রাঃ॥
মধ্যেন ব্রিবলীভঙ্গশোভিতেন স্থচারুণা।

স্ত্রীরূপধাবিণী ক্ষোণী কার্য্যা তৎপাদমধ্যগা॥ তৎকর হাজিব্যুগলো দেবঃ কার্য্যো জনার্দ্দনঃ। ভালাম্বরপদ্যাসঃ কিঞ্চিন্নিক্রাঅদক্ষিণঃ।। অন্তুদ্ভা মহী কার্য্যা দেবদর্শিতবিশ্মিতা। দেবশ্চ কটিবাসেন কার্যো জান্তবলন্ধিনা॥ বনমালা চ কর্ত্তব্যা দেবজান্তবলন্দিনী। ষজ্ঞোপৰীতং কর্ত্তবাং নাভিদেশমুপাগতম ॥ উৎফুল্লকমলং পাণে। কুৰ্য্যান্দেৰস্ত দক্ষিণে। বামপাণিগতং শঙ্খং শঙ্খাকারস্ত কারয়েৎ ॥ দক্ষিণে তু পদা দেবী তন্ত্ৰমধ্যা স্থলোচনা। স্ত্রীরূপধারিণী মুগ্ধা সর্ব্বাভরণভূষিতা।। পশুন্তী দেবদেৰেশং কার্যা: চামরধারিণী। कार्याञ्चन क्षि रिग्रजः (मवहञ्च मिन्म्॥ বামভাগগতশ্ক্ত: কার্যো লয়েদরস্তথা। সর্বাভরণসংযুক্তো বৃত্তবিক্ষারিতেক্ষণঃ॥ কর্ত্তবাশ্চামরকরো দেববীক্ষণ-তৎপরঃ। কার্য্যং দেবকরং বামং বিগ্রস্তং তহ্য মূর্দ্ধনি॥ (হেমাদ্রি ব্রতথণ্ড, ১ম অধ্যায় এসিয়াটিক সোসাইটির ছাপা)

পুঁথির দোষেই হউক বা সম্পাদকের অনবধানতা বশতই হউক, ইহার পাঠ সর্বত্তি স্থবিশুদ্ধ নহে। ইহার মোটামুটি অর্থ এই:—বাস্থদেবের হাত হইবে চারিধানি ও মুথ একটি। অক্সতর দক্ষিণ হস্তে থাকিবে প্রফুল কমল ও অক্সতর বামে থাকিবে শঙ্খ। ভাঁহার অপর দক্ষিণ হস্ত থাকিবে তমুমধ্যা স্থলোচনা প্রীরূপ- ধারিণী গদাদেবীর মন্তকে; বাম হস্ত থাকিবে লু লেখাদরের মাথায়। এই লখেদের আর কেহ নহেন স্বয়ং চক্র। ইঁহার নয়নয়য় হইবে গোলাকার ও বিক্ষারিত; ইঁহার অসে অনেক অলকার গাকিবে ও ইনি চামরধারণ করিয়া থাকিবেন। ইনি ভগবানের দিকে তাকাইয়া থাকিবেন। শ্রীরূপধারিণী গদাদেবীও সর্ব্বাভরণে ভূষিতা থাকিবেন এবং তিনি বাস্থদেবের মুখপানে চাহিয়া থাকিবেন; তাঁহার হাতেও চামর পাকিবে। ভগবানের পদম্বরের মধ্যে থাকিবেন স্ত্রীরূপধারিণী পৃথিবী—তাঁহার হস্ততলম্বরে ভগবানের পদম্বর হাতিও গাকিবে। ভিনিও ভগবানের দিকে সবিশ্বরে চাহিয়া থাকিবেন। ভগবান্ স্বয়ং ধারণ করিবেন কুগুল অসদ কৌস্তভ কিরীট আজারুলমী কটিবাস আজারুলমিনী বনমালা ও নাভিদেশলমী যজ্ঞোপবীত। তিনি দাঁড়াইয়া থাকিবেন এমন ভাবে, যাহাতে তাঁহার উদরে তিনটি বিষ্কিম রেখা বেশ দেখা যায়।

সক্ষৰণ

বাস্থদেবস্বরূপেণ কার্য্য: সঙ্কর্ধণ: প্রভুঃ।
স তু শুক্রবপুঃ কার্য্যো নীলবাসা যদুস্তম:॥
গদাস্থানে চ মুসলং চক্রস্থানে চ লাঙ্গলম্।
কর্ত্তবেগী তন্ত্মধ্যো তু নুরূপেণ রূপসংযুত্তো॥

হেমান্ত্রি, ব্রতথণ্ড, ১ম অধ্যায়।

বাস্থদেবের অক্সতম মূর্ত্তি সঙ্কর্মণের বর্ণ হইবে শুক্র (প্রস্তবের মূর্ত্তিতে বর্ণের তারতমোর প্রতি লক্ষ্য রাখিলে চলিবে না)। বস্ত্র

হইবে নীল্বর্ণের (ইহাই বিফুর সাধারণ বস্ত্র; প্রান্তরে কিন্তু ইহাও গোঁজা হইবে না) গদার বদলে ইংগর অন্তর হইবে মুসল ও চক্রের বদলে ইইবে লাঙ্গল। এই মুসল ও লাঙ্গল রূপবান্ নরের আকারে প্রকাশ করিতে হইবে। শোক্ষম যথাযথ ব্যাখ্যা করিতে গোলে আমি বেরূপ অনুবাদ করিলাম, সেইরূপই করিতে হয়। কিন্তু আমার বিবেচনায় মুসল ও লাঙ্গল যে সর্বাদ দাই নরাকারে গড়িতে হইবে এমন নহে। কথন কোন প্রতিমায় মুসল লাঙ্গল নিজরূপে থাকিবে, কখন বা তাহারা নরাকারে গঠিত হইবে।

উক্ত বচনে সন্ধর্ষণের হস্তসংখ্যার উল্লেখ নাই, বরং বিহস্ততার আভাস পাওয়া যায়। তবে চারি হাত হইলেও তুই হাতে শুখ পদ্ম প্রভৃতির যে কোন্টিকে রাখা যাইতে পারে। এই সন্ধর্ষণ যেন বলরামের মত বলিয়া মনে হয়।

> প্রহান্ন (চতুতু জ)

(ক) প্রান্থান দিক্ষিণে বজুং শঙ্খং বামেধনুঃ করে॥ ১২ ২গদা * *

অগ্নিপুরাণ ৪৯ অঃ

প্রত্যায়ের এক দক্ষিণ হস্তে বজু (বাচক্র)ও অপর দক্ষিণ হস্তে শৃভা; এবং এক বাম হস্তে ধনুও অপর বাম হস্তে গদা।

(দ্বিভূজ)

(থ) ☀ ☀ নাভ্যার্তঃ° প্রীত্যা প্রতামো বা ধনু:শরী॥ ১৩ অগ্রিপুরাণ ৪৯ অ• অথবা প্রত্যানের ছই হাত। এক হাতে ধন্য ও অপর হাতে শর। তাঁহার সঙ্গে থাকিবেন নাভি (?) বা রতি ও প্রীতি। "নাভ্যাবৃত: প্রীত্যা" বা ''রত্যাবৃতঃ প্রীত্যা" এ অংশের অর্থ আমি ধাহা করিলাম, তাহাই ঠিক কি না দে বিষয়ে সন্দেহ রহিল।

(গ) বাস্থদেবস্বরূপেণ প্রত্যশ্ল তথা ভবেং।

স তু দ্ব্রিস্বস্থানঃ সিতবাসা বিধীয়তে ॥

চক্রস্থানে ভবেচ্চাপো গদাস্থানে তথা শর্ম।

তথাবিধৌ তৌ কর্তব্যী যথা মুসললাঙ্গলৌ ॥

বংমাদ্রি, ব্রতথ্ঞ, ১ম অধ্যায়।

প্রজানের হাতে চক্র গদ! থাকিবে না, তাহার স্থানে থাকিবে ধহুঃ ও শর। কথন ও কথন ও এই ধহুঃশরকে সঙ্কর্ষণের মুসল-লাঙ্গলের মত নরাকারে গড়িতে হইবে।

এথানেও চারি হাত থাকিলে অপর হস্তদ্যে শভা পদ্ম প্রাভৃতির যে কোন হুটিকে রাথা যাইতে পারে।

(ष) শাস্বশ্চ গদাহস্তঃ প্রত্যন্নশ্চাপভূৎ স্থরূপশ্চ। অনমোঃ স্তিফৌচ কার্য্যে থেটকনিস্তিংশধারিণ্যৌ॥

বুহৎ সংহিতা ৫৮ অ০ ৪০ শ্লো।

প্রহায় চাপধারী ও নিস্তিংশধারিণী পত্নীর সহিত অবস্থিত।

অনিক্দ

এতদেব তথা রূপমনিরুদ্ধস্ত কাররেৎ। পল্পত্রাভবপুষো রক্তাধরধরস্ত তু॥

⁽১) চক্রম। (২) গদী। (৩) রতাবিতঃ।

চক্রস্থানে ভবেচ্চর্ম গদাস্থানেহসিরের চ।
চর্ম স্থাচ্চক্ররপেণ প্রাংশুঃ খড়ো। বিধীয়তে ॥
চক্রাদীনাং স্বরূপাণি কিঞ্চিং পূর্বাং স্থাদবি ।
রম্যাণ্যাযুধরপাণি চক্রাদীন্তের যাদব ॥
বামপার্থগতাঃ কার্য্যা দেবানাং প্রবর্ম ধ্বজাঃ ।
স্থপতাকার্তা রাজন্ বস্তিস্থান্তে যথেরিতম্ ॥
হেমাদ্রি, ব্রত্থন্ত, ১ম স্বধ্যার ।

ইহার সকল অংশের স্থচারু ব্যাপ্যা আমি করিতে, পার্শীরিলাম না; তবে স্থলতঃ ইহার অর্থ এই যে, অনিরুদ্ধের বর্ণ পদ্মপত্তের বর্ণের মত হইবে ও বস্ত্র হইবে রক্তবর্ণের। ইনি চক্র গদার পরিবর্তে ধারণ করিবেন ঢাল ও তরোধাল। ই হার বামপার্শে ধ্বজপটবিশিষ্ট ধ্বজদ ও স্থাপিত থাকিবে।

বিশেষ-মৃত্রি

(১) ত্রৈলোক্যমোহন বিফু

বৈজ্ঞ বিষয়ে বিষয় বিশ্ব কোষ্টে । ১৯॥
চক্রং খড়গং চ মুষলমঙ্কুশং বামকে করে।
শঙ্খ শার্ক গদাপাশান্ পদ্মবীণাদমঘিতে॥ ২০॥
লক্ষ্মীঃ সরস্বতী কার্ষ্যে বিশ্বরূপোহপ দক্ষিণে।

অগ্নিপুরাণ ৪৯ আঃ

এ বিষ্ণু গক্জাক্ত হইবেন এবং ইঁহার হাত হইবে আটাট। তাহার মধ্যে ইনি দক্ষিণহস্তচ্চুপ্তরে ধরিবেন চক্র বঁজা মুয়ল ও অঙ্কুশ এবং বামহস্তচ্ছুপ্তরে ধরিবেন শঙ্ধু শার্ক (ধরুঃ) গদা ও পাশ। ইঁহার সঞ্চে থাকিবেন পদাহস্তা লক্ষ্মী ও বীণাহস্তা সরস্বতী এবং তদতিরিক্ত দক্ষিণদিকে থাকিবেন বিশ্বরূপ।

(২) হরিশক্ষর বিষ্ণু

মুদ্দারঞ্চ তথা পাশং শক্তিশূলং শবং করে ॥ ২১
বামে শজ্ঞ শার্স কি গদাং পাশক তোমরম্।
লাঙ্গলং পরশুং দশুং ছুরিকাং চর্ম কেপণম্ । ২২
বিংশদ্বাহণ্চ হুর্বক্তেনু দক্ষিণস্থেহপ বামকে।
ত্রিনেত্রো বামপার্ধেন শন্ধিতো জলশায়পি॥ ২০
শ্রেমা ধুতৈ কচরণো বিমলাভাভিরীজিত:।
নাভিপদ্মচ হুর্বক্তেনু হরিশঙ্করকো হরিঃ॥ ২৪
শ্রম্ভি ধারী দক্ষেচ গদাচ ক্রধরো পদে।
ক্রদ্রকেশবলক্ষাক্ষো গোরীলক্ষীসমন্তিঃ॥ * ২৫

অগ্নিপুরাণ ৪৯ অঃ

এ এক অদ্ভূতাকার বিস্তুমূর্ত্তি। নাম হরিশন্তর। শ্লোক-গুলির সকলস্থানে স্থচাক্তরপে ব্যাখ্যা হয় না। তবে মোটা-মূটি বুঝা যায় যে এই বিস্তৃর চারি মূখ তিনু চোখ ও বিশ হাত। বিশ হাতে বিশ রকম অত্ত্র; যথা মূলার, পাশ, শক্তি, শূল, শর, শহ্ম, শার্ক, গদা, পাশ (পুনর্কার), ভোমর, লাক্তল, পরশু, দণ্ড, ছুরিকা, চর্ম, ক্ষেপণ, শূল, ঝাই (ছিধার্থজা),

[🌸] এ অংশের অর্থ আমি ঠিক বুঝিতে পারি নাই। লেপক।

গদা (পুনর্ন্ধার) চক্র। ইহাদের স্থাপনার জন্ম শোকে 'বানে' 'বানকে' 'দক্ষিণস্থে,' 'দক্ষে' ইত্যাদি শন্ধ থাকিলেও তাহাদিগকে সংলগ্ধ করা কঠিন। ইনি বামভাগে অলশায়িরূপে অবস্থান করিবেন। লক্ষা ইঁহার পা টিপিয়া দিতে থাকিবেন এবং বিমলা প্রভৃতি মাতৃগণ ইহাঁর স্তব করিতে থাকিবেন। ইহাঁর নাভি পদ্ম হইতে ব্রহ্মা উপিত অবস্থায় থাকিবেন। এবং গৌরীসমেত ক্রদ্র ও কক্ষীসমেত কেশব ইহার পদপ্রাস্থে অবস্থান করিবেন (?)।

(9)

লক্ষীনারায়ণ বিষ্ণু (ক)

শ্রিরং বামোরুজ্বজাস্থাং শ্লিয়ান্তীং পাণিনা পতিম্॥
সাজ্যামরকরাং পীনাং শ্রীবংসকৌস্তভাবিতাম্॥ ১৮
মালিনং পীতবস্ত্রঞ্চ চক্রাদ্যাচ্যং হরিং যজেও।
অধিপুরাণ ৩০৬ অধ্যায়

এ মূর্ত্তি উপবিষ্ট মূর্ত্তি। ইহাতে বিষ্ণুর কয়টী হাত থাকিবে তাহার উল্লেখ নাই; তবে চক্রাভাচ্য বলায় যেন শব্দ চক্র গদা পদ্ম সবই ব্ঝায়; স্থতরাং চারি হাত হওয়াই সম্ভব। শক্ষীর হাতে পদ্ম ও চামর এবং তিনি ভগবানের বামোরুর উপর উপবিষ্ট হইয়া তাঁহাকে আলিঙ্গন করিয়া থাকিবেন।

नक्तीनात्रात्र (थ)

শশ্ব চক্র গদাপত্মপাণিনং দিব্যরূপিণম্ ॥ ৪২ বামাক্ষন্থ শ্রেষা সার্দ্ধং পূজ্জেরে প্রথতঃ শুচিঃ। পত্মপুরাণ উত্তর শশু ২২৫ আঃ

লক্ষীনারায়ণ (গ)

শক্ষীনারারণো কার্য্যো সংযুক্তো দিব্যক্ষপিণো ।
দক্ষিপত্থা বিভোর্য ভির্নক্ষীমৃতিস্ত বামতঃ ॥
দক্ষিণঃ কণ্ঠলগ্রোহস্তা বামো হস্তঃ সরোজভং ।
বিভোর্বামকরো লক্ষ্যাঃ কৃষ্ণিভাগস্থিতঃ সদা ॥
সর্কাব্যবসম্পূর্ণা সর্কালদ্বারভূষিতা ।
স্কুনেত্রকপোলাসা! রূপযৌবনসংযুতা ॥
সিদ্ধিঃ কার্য্যা সমীপস্থা চামরগ্রাহিণী গুভা ।
কর্ত্তব্যং বাহনং সব্যে দেবাধোভাগগং সদা ॥
শঙ্খাচক্রধরৌ তস্য দৌ কার্য্যো পুরুষৌ পুরঃ ।
বামনো হার-কেয়ুর-কিয়ীট-মণিভূষণো ॥
উপাসকৌ সমীপস্থো প্রভোর্র ক্ষণিবাত্মকৌ ।
রসনাং বোগপট্রঞ্চ শিখামঞ্জনিমাস্থিতৌ ॥

হেমাদ্রি, ব্রতথণ্ড, ১ অধ্যায়।

লক্ষী এবং নারায়ণের মৃত্তি পরস্পর সংলগ্ধ করিতে হইবে।
দক্ষিণ ভাগে থাকিবে নারায়ণের মৃত্তি, বামদিকে থাকিবে
লক্ষীর। লক্ষীর দক্ষিণ হস্ত নারায়ণের কণ্ঠলগ্ধ থাকিবে এবং
বামহন্তে থাকিবে পলা। নারায়ণের বামকর লক্ষীর কুক্ষিভাগ
আলোষণ করিয়া থাকিবে। সিদ্ধিনামী স্বমুখী স্থলোচনা সর্বালয়ার
ভূষিতা স্কর্মণা পূর্ণাল্লী ঘ্রতী চামরগ্রাহিণীরূপে তাঁহাদের সন্মুখে
থাকিবে। গরুড় থাকিবে ভগবানের বামদিকে নিম্নপ্রদেশে।
শঙ্খধারী ও চক্রধারী হুইটি থকারিতি পুক্ষ তাঁহাদের সন্মুখে
থাকিবে; পুরুষদ্বর হার কেয়ুর কিরীট ও মণি (কৌস্বভ-

মণি) ধারা বিভূষিত থাকিবে। এবং ব্রহ্মা ও শিব উপাসকরপে তাঁহার সমীপে কোমরে রসনা ও যোগপট্ট ও মন্তকে শিখা ও অঞ্জলি বাঁধিয়া অবস্থান করিবেন।

(৪) নারায়ণ

দিবাো নারায়ণ: শ্রীমানাসীন: পক্ষাসনে ॥ १১
তস্য দক্ষিণপার্ষে চ জগনাতা হির্থমী।
সর্বলক্ষণসম্পন্না দিবামালাবিভূষণা ॥ ৭২
বস্পাত্তং মাতৃলুক্ষং স্বর্ণপায়ং ধৃতং করৈ:।
বামত: পৃথিবী দেবী নীলোৎপদদলহাতি:॥ ৭৩
নানালঙ্কারসংযুক্তা বিচিত্রাম্বরভূষিতা।
সক্তং চোর্দ্ধবাছভাগং রমাং রক্তোৎপদদমঃ ॥৭৬
ইতরাভাগং ধৃতং দেবাা ধান্তপাত্রমুগং তথা।
গৃহীত্বা চামরান্ দিবান্ শক্তরো বিমলাদয়ঃ ॥ ৭৫

পদ্মপুরাণ উত্তর থণ্ড ২৫৭ অ:

নারায়ণাভিধ বিষ্ণু পদ্মাদনে উপবেশন করিয়া থাকিবেন।
তাঁহার দক্ষিণপার্থে বাকিবেন স্বর্ণপদ্ম, মাতৃলুঙ্গফল (লেবু) ও
বস্থপাত্রধারিণী লক্ষ্মী, বামে থাকিবেন পৃথিবী। পৃথিবীর
উর্দ্ধ বাভ্রমে থাকিবে রক্তোৎপলদ্ম ও অপর হস্তদ্বমে ধান্তপাত্রদ্ম।
অপরাপর বিমলাদি শক্তিরা চামর হাতে করিয়া থাকিবেন।

(१) (यागत्रामी

পশাসনসমাসীন: কিঞ্চিন্মীলিতলোচন:।
বোণাগ্রে দত্তবৃত্তিক খেতপদ্মোপরি স্থিত:॥
বামদক্ষিণগৌ হস্তো উত্তানাবেকভাগগৌ।
তৎকরত্বপার্থস্থে পক্ষেক্হমহাগদে॥

উর্দ্ধে করম্বন্ধে তদ্য পাঞ্চজন্তঃ স্থলর্শনঃ। যোগস্বামী দ বিজ্ঞেয়ঃ পূজ্যো মোক্ষার্থিযোগিভিঃ॥

হেমাদ্রি, ব্রতথণ্ড, ১ অধ্যায়।

নাসিকাণ্ডো মনোনিবেশ পূর্ব্বক ঈবং চক্ষু মুদ্রিত করতঃ ইনি খেতপদ্মের উপর উপবিষ্ঠ থাকিবেন। ইঁহার চারি হাতের এক ভাগের বাম দক্ষিণ হস্ত উত্তান থাকিবে (এই হস্তদ্ম নিমের বাম ও দক্ষিণ্); এবং তাহাদের পার্শ্বে থাকিবে পল্ল ও গদা। তাঁহার উর্জ্বভাগের হস্তদ্বয়ে থাকিবে শহ্ব ও চক্র। ইঁহার নাম যোগবামী। ইনি মোক্ষাভিলাষী যোগিদিগের পূজ্য।

(৬) লোকপাল

একবজ্বো দ্বিবাহৃশ্চ গদাচক্রধরঃ প্রভূ:। হেমাদ্রি, ব্রতথণ্ড, ১ অধ্যায়।

ইনি দ্বিতাত্ একবদন ও গদাচক্রধারী।

সাধারণ বিষ্ণু মূর্ত্তি

এই বিফুর অর্থ চতুর্বিংশতিপ্রকার বিফুম্র্টির অন্তর্গত বিফু নহে। ইহার অর্থ রাহ্মণদিগের প্রদিদ্ধ ত্রিম্টির অন্তর—বাঁহার নাম বিফু। ইনি কখন অষ্টহন্ত, কখন চতুর্হন্ত, কখন বা বিহন্ত মৃ্টিতে বর্ণিত হইয়া থাকেন। ইহাঁর সম্বন্ধে বরাহমিহির বিলয়াছেন—

কার্য্যো২ষ্টভুজো ভগবাংশ্চভুভূজো দ্বিভুজ এব বা বিষ্ণুঃ।
পুরাণাদির সময় নির্দ্ধারণ অপেকা বরাহ্মিহিরের সময় অনেকটা
নিশ্চিতরূপে নিরূপিত; স্থতরাং খুষ্টীয় ষষ্ঠ শতাকে বরাহ্মিহিরের

জ্ঞানে আমাদের বিষ্ণু অইভ্জ চতুর্জ বা **বিভ্জরণে বিরাজ** ক্রিতেন। বরাহ্মিহির তাঁহার রূপস্থলে বলেন—

শ্রীবংসান্ধিতবক্ষাঃ কৌস্তভমণিভূষিতোরস্কঃ ॥ ৩১ ॥
অতসীকুস্থমখামঃ পীতাধ্বনিবদনঃ প্রসন্নমুধঃ ।
কুণ্ডলকিরীটধারী পীনগলোরঃস্থলাংসভুজঃ ॥ ৩২ ॥
থজা-গদা-শর-পাণিদক্ষিণতঃ শান্তিদশ্চতুর্থকরঃ ।
বামকরেষু চ কার্মুকথেটকচক্রাণি শহ্মশ্চ ॥ ৩৩ ॥
অথচ চতুর্জ্মিচ্ছন্তি শান্তিদ একো গদাধরশ্চান্তঃ ।
দক্ষিণপার্শ্বে হেবং বামে শহ্মশ্চ চক্রঞ্চ ॥ ৩৪ ॥
দিজ্পস্য তু শান্তিকরো দক্ষিণহস্তোহপরশ্চ শহ্মধরঃ ।
এবং বিষ্ণোঃ প্রতিমা কর্ত্তবা ভূতিমিচ্ছন্তিঃ ॥ ৩৫ ॥

বৃহৎ-সংহিতা ৫৮ অ:

বরাহমিহির বলেন অস্টভুক্স বিফুর হাতে * দক্ষিণাবর্ত্তে থাকিবে—
১। সর্বাধোদক্ষিণ, তহুপরিদক্ষিণ, তহুপরিদক্ষিণ,

খড়গ গদা শর অভয়মুদ্রা সর্ব্বোপরিবাম, তদধোবাম, তদধোবাম কার্মুক থেটক চক্র শব্দ

২। চতুভুজ বিষ্ণুর হাতে

দক্ষিণাধঃ দক্ষিণোর্দ্ধ বামোর্দ্ধ বামাধঃ অভয়মুদ্রা গদা শহু চক্র

मृत्लित "দক্ষিণতঃ" শলের দক্ষিণ হইতে এইরূপ অর্থ বৃঝিয়াই
দক্ষিণাবর্জে বলিলাম। "দক্ষিণতঃ" র অর্থ দক্ষিণস্থও হইতে পারে; স্ক্তরাং
ঝ্জাাদিস্থাপনের উপরি লিখিত ক্রমের উপর কোন দৃঢ় যুক্তি নাই।

৩। দ্বিভূজ বিষ্ণুর হাতে

দক্ষিণ বাম অভয়মূদ্রা শহা

অলঙ্কারের মধ্যে বৃকে প্রীবৎসচিহ্ন ও কৌল্পভমণি, পরিধানে পীতবাস কর্ণে কুগুল ও মাধায় কিরীট।

বরাহমিহিরের বর্ণনায় বিফুর হস্তে পদ্ম দেখিতে পাওয়া যায় না। এই পদাদর্শনে মনে হয় বিফু যে শব্দ চক্র গদা পদাধারী বলিয়া আমাদের দেশের আজকালকার সাধারণ জ্ঞান, হয়ত ষষ্ঠ শতান্দে তালা ছিল না। আরও একটী প্রাচীন চতুর্ভু জ বিফুম্র্ত্তিতে পদ্মের অনবস্থান দেখিয়া আমার এই ধারণা হইয়াছে যে বিফুহস্তে পদ্মের স্থান বহু পৃর্ব্বে ছিল না। এটা কানিংহাম সাহেবের সংগৃহীত নিকোলো নামক খনিজ পদার্থের মুদায় ক্ষোদিত মূর্তি; তাঁহার নিয় দক্ষিণ হস্তে গদা ও উর্দ্ধ দক্ষিণ বলয়াকার একটা বস্তু, বামোর্দ্ধে শব্দ্ধ ও বামাধোহন্তে চক্র। বলয়াকার বস্তুটী সম্ভবতঃ বৈজয়ন্তীমালা। ঐ মুলা খুষ্টায় তৃতীয় শতান্দের বলিয়া নির্দারিত হইয়াছে। (Cunningham, Numismatic Chronicle, 1893, p. 126, pl. x দ্রেষ্টব্য)

তাহার পর প্রাণাদিতে এই বিষ্ণুর অনেক প্রকার রূপবর্ণনা দেখা যায়। যতদূর সংগ্রহ করিতে পারিয়াছি, এই প্রবন্ধে তাহা সন্নিবেশিত হইল। পুরাণের বর্ণনা মুসারেও তাঁহাকে অপ্তভুক্ত বড়ভূক চতুভূক বিভূক এবং একাকী, সন্নিসহিত, সালকার, সাযুধ, গরুড়োপরিস্থিত বলিয়াও বর্ণিত দেখিতে পাওয়া যায়। যথা—

(5)

শঝং চক্তং গদাং পদ্মং মুষলং খড়গাশার্স কে ।
বনমালাবিতং দিকু বিদিকু চ ষজেৎ ক্রমাৎ ॥ ১৫
অভার্চা চ বঙিস্তার্ক্ষ্যং দেবস্ত প্রতোহর্চয়েও ।
বিশ্বক্সেনঞ্চ সোমেশং মধ্যে আবরণাদ্ বহিঃ।
ইক্রাদিপরিচারেণ পূজ্য-সর্বমবাপুষাৎ॥ ১৬

অগ্নিপুরাণ ৩০২ অঃ

অর্থাৎ শৃদ্ধ চক্র পদা পদ্ম মুসল থজা শার্ক্স বন্ধালা বিষ্ণুর অস্ত্র ও ভূষণ, এবং গরুড় বিশ্বক্সেন ও সোমেশ তাঁহার সঙ্গী। ইহারা স্বাই পূজা পাইরা থাকেন।

(२)

(১) "প্রাপ্তকামৈক্রং" পদটির অর্থে গোল আছে। পাঠে কিছু গোল হইয়া

থাকিবে।

ইনি পদ্মস্থ বা গরুড়স্থ সর্বাঙ্গস্থলর লাবণ্যময় যুবা। ইনি
মদাঘূর্ণিতলোচন, আরবিহ্বল, দিব্যমালা দিব্যবস্ত্র ও দিব্যবিলেপনে
বিভূষিত ও আিতমুখ। ইঁহার নানাবিধ পরিবার ও নানাবিধ
পরিচছন। ইনি লোকালুগ্রাহক দৌমামূর্ত্তি আবার সহস্রাদিত্যভূল্য তেজস্বী। ইনি পঞ্চবাণধর যেন সাক্ষাৎ কাম। ইনি
কথন দ্বিহস্ত কথন চতুর্হস্ত। দেবস্ত্রীগণ ইঁহাকে বেষ্টন করিয়া
থাকেন। ইনি দেবীর (লক্ষীর) দিকে লোলদৃষ্টি। ইঁহার অস্ত্র—
চক্র শঙ্খ ধরু থড়া গদা মুষল অন্ত্র্শ ও পাশ। ইত্যাদিরূপে
ইনি আবাহন হইতে বিসর্জ্জন প্রান্ত পুজিত হইয়া থাকেন।

(0)

গদাশঅধরাসিচক্রথক্। ৩৯॥ বিফুপুরাণ ১ম অংশ ৪**র্থ অধ্যার।** (৪)

শব্দেতকুগদাশার্স বরাদিধরমচ্যুতম্। কিরীটিনং....॥ ৪৫

विकृश्त्रांग ऽभ व्यः भ ऽ२ भ व्यक्षांत्र ।

(c)

বিভর্তি কৌস্কভমণিস্বরূপং ভগবান্ হরিঃ॥ ৬৭
প্রীবংসসংস্থানধরমনস্তে চ দমাশ্রিতং।
প্রধানং বুদ্ধিরপ্যান্তে গদারূপেণ মাধবে॥ ৬৮
ভূতাদিমিক্রিয়াদিঞ্চ দ্বিধাহক্ষারমীশ্বরঃ।
বিভর্তি শহ্মরূপেণ শার্ম্পর্কেশেণ চ স্থিতং॥ ৬৯
বলস্বরূপমত্যন্তং জ্বনাস্তরিতানিলং।
চক্রস্বরূপঞ্চ মনো ধত্তে বিষ্ণুং করে স্থিতং॥ ৭০

পঞ্চরপা তু সা মালা বৈজয়ন্তী > গদাভ্তঃ।
সা ভূতহেত্দংঘাতভূতমালা চ বৈ দিল ॥ ৭১
যানীন্দ্রিয়াণ্যশেষাণি বুদ্ধিকর্মাত্মকানি তু।
শররপাণ্যশেষাণি তানি ধত্তে জনার্দ্ধনঃ॥ ৭২
বিভর্ত্তি যক্তাসিরত্মমুচাতোহতান্তনির্দ্ধলং।
বিভাষিয়ন্ত তজ্জানমবিতাচর্মদংস্থিতঃ॥ ৭৩

বিফুপুরাণ ১ম অংশ ২২শ অধ্যায়

উল্লিখিত তিন প্রকার বিষ্ণুপুরাণোক্ত বর্ণনায় স্বামরা দেখিতে পাই, বিষ্ণু কথন চতুর্জু গেলা, শহ্ম, অসি ও চক্র ধারণ করিয়া থাকেন। কথন ষড়্ভুজে শহ্ম, চক্র, গলা, শার্স্ক, বর (স্বভয়-মুদ্রা) ও অসি ধারণ করিয়া থাকেন।

কথনও অষ্টভূজে গদা, শঙ্খ, শার্স্প, চক্র, বৈজ্ঞন্নতী মালা (?) শর, অসি, ও চর্ম্ম ধারণ করিয়া থাকেন :

বিষ্ণুপুরাণের উপরিউক্ত বর্ণনায় ইহা জানা যায় যে গদা, শঝ, শার্ক, চক্রে, বৈজ্বয়ন্তী মালা, শর, অসি, চর্দ্ম, ও বর বিষ্ণুর হাতে স্থান পায়। ইহাদের মধ্যে কোন ছইটী, চারিটী, ছয়টী বা আটটী, বস্তু বিভূজ, চতুর্ভু ষড়্ভুজ বা অস্টুভুজ বিষ্ণুর হাতে দেখ যাইতে পারে।

এখন আশ্চর্যা দেখুন বিষ্ণুপুরাণের এ সব স্থানে বিষ্ণুর হাতে পদ্মের কথার উল্লেখ নাই। তবে উল্লেখ আছে একস্থানে, যেখানে

⁽১) এখানকার এই বৈজয়ন্তী মালা ঘটিত শ্লোকটা বিষ্ণুর হস্তস্থিত বস্তুনিচয়ের বর্ণনার সঙ্গে সংস্ক বর্ণিত হওয়ায় আমার বাধি হয় উহা গলদেশের মালা নহে; তিনি হাতে করিয়াই বৈজয়ন্তী মালা ধারণ করেন। এবং কানিংহাম সংগৃহীত নিকোলোর মুদ্রায় কোদিত বিষ্ণুত্তির এক হস্তের বল্যাকার দ্রেরা খুব সম্ভব সেই বৈজয়ন্তী।

বিষ্ণুপুরাণ বিষ্ণুক্রপধারী পৌগুক্বান্থদেবনামক রাজার উপাধ্যান বর্ণনা করিয়াছেন। বিষ্ণুপুরাণ বলিয়াছেন—

> চক্রহন্তং গদাধজাবাহং পাণিগতামূ**জ**। ৯৬ বিষ্ণুপুরাণ ৫ম অংশ ৩৪ অ:।

এখন ইছা বলিলেও বলা যাইতে পারে যে বিষ্ণুপুরা-পের প্রথমাংশে বিষ্ণুর হাতে যথন পল্লের কথা নাই, তখন পঞ্চমাংশের উপাখ্যানে পল্লের কথা প্রাচীন নাও হইতে পারে।

বিষ্ণোস্তাবৎ প্রবক্ষ্যামি যাবদূরপং প্রশস্ততে। (4) শব্দতক্র-বরং শান্তং পদ্ম-হন্তং গদা-ধরং ॥৪ किनिष्ठेज्यः विमाध्यकुर्ज्जभर्थाभवः। ছিভূ**ত্র***চাপি কর্ত্তব্যো ভবনেষু পুরোধসা ॥ ৬ দেবস্থাষ্টভুজস্থাস্থ যথাস্থানং নিবোধত। পড়েগা গদা শরঃ পদাং দেয়ং দক্ষিণতো হরে: ॥१ ধকুশ্চ থেটকং চৈব শঙ্খচক্রে চ বামত:। চতুত্বতা বক্ষ্যামি যথৈবাযুধসংস্থিতিং ॥৮ मिक्कर्णन श्रेमाश्राः वास्त्रप्तवस्य कात्रस्त । বামত: শঙ্কাকক্রে চ কর্ত্তব্যে ভূতিমিচ্ছতা ॥৯ কুষ্ণাবতারে তু গদা বামহন্তে প্রশস্ততে। यर्थक्रमा मब्सहरक हानिविद्यार अक्षारंबर ॥>• অধন্তাৎ পৃথিবী তক্ত কৰ্ত্তব্যা পাদমধ্যত:। मिक्ति धान्यः उद्यम् शक्यासः निर्वनस्य ॥১১ বামতম্ম ভবেৎ লক্ষী: পদাহস্তা শুভাননা। গ্ৰুত্মানগ্ৰতো বাপি সংস্থাপ্যো ভৃতিমিচ্ছতা ॥১২ প্রীশ্চ পৃষ্টিশ্চ কর্ত্তব্যে পার্শ্বহোঃ পদ্মদংষ্তে।

মংস্তপুরাণ ২৫৮ অধ্যায়।

এইবার মংস্থপুরাণে বিষ্ণুর হাতে পদ্ম পাওয়া যায়। মংস্থ-পুরাণের মতেও বিষ্ণু কথন অষ্টভুজ কথন চতুভ জ কথন বা দ্বিভুজ নিশ্মিত হইয়া থাকেন। মংস্থপুরাণের মতে নিয়লিখিত বস্তু বিষ্ণুর হাতে থাকে ও নিয়লিখিত দেবদেবীগণ সঙ্গে থাকেন।

বিষ্কৃহত্তে—শব্দ, চক্রে, পদা, গদা, থজা, শর, ধরু:, থেটক।
বিষ্কৃদঙ্গে নিমে পাদমধ্যে (?) পৃথিবী, দক্ষিণে প্রণত গরুড়,
বামে পদাহতা লক্ষ্মী; কিম্বা সন্মুখে গরুড় ও এক এক পার্শে পদাহতা প্রী ও পৃষ্টি।

(**৭**) শ**শ্ব**চক্রাসিগদাধরায়।১৩

মৎশ্রপুরাণ ৫৪ আঃ।

এইখানে মংখ্যপুরাণ চতুর্জ বিষ্ণুর হাতে শব্দ, চক্র, অসি ও গদা দিয়াছেন। পদা দেন নাই।

(৮) দেবদেবং তথা বিষ্ণুং কারবেদ্ গরুড়স্থিতম্।
কৌপ্তভোদ্ভাসিতোরস্কং সর্বাভরণধারিণম্॥
সম্বাশ্বদসচ্ছারং পীতদিব্যাম্বরং তথা।
মুখাক কার্যাক্রভারো বাহবো দিগুণাস্তথা॥
সৌম্যেক্রবদনং পূর্বং নারসিংহস্ক দক্ষিণম্।
কপিলং পশ্চিমং বক্তবং তথা বারাহম্ভ্রমম্॥
তক্ত দক্ষিণহত্তেম্ বালাকমুসলাভয়াঃ।

চর্মসীরবরাবিন্দ্চাপে চ বনমালিনঃ ॥ কার্য্যাণি বিষ্ণোধর্মজ্ঞ বামহস্তেমকুক্রমাৎ ।

হেমাদ্রি, ব্রতথগু, ১ম মঃ।

ইহার পাঠ সর্ক্তি স্থেবিগুদ্ধ নহে: সৌম্যেন্দ্বদনং খুব সম্ভব সৌম্যেন্দ্বদনং এবং বারাহ্যুত্তমম্ খুব সম্ভব বারাহ্যুত্রম্ হইবে।

এই বিষ্ণুর চারি মুথ আট হাত এবং ইনি গরুড়ারাচ়। ইঁহার পূর্ব্ব দিকের মুথের রূপ সোম্যেন্দু, দক্ষিণ দিকের নারসিংহ, পশ্চিমের কপিল ও উত্তরের রূপ বারাহ। তাঁহার দক্ষিণ হস্তচ্তুইরে থাকিবে বালার্ক (অর্থাৎ বালস্থর্য্যের মত দীপ্তিশালী চক্র ?) মুসল অভয় ও চর্ম (ঢাল) এবং বংমহস্ত চতুইয়ে থাকিবে শাঙ্গল, বরমুদ্রা, ইন্ম্ (অর্থাৎ চন্দ্রের মত শুল্র শঙ্গ ?) ও ধন্ম। ইঁহার বক্ষে কৌস্কভ থাকিবে এবং ইনি সর্ব্বিধ ভূষণে ভূষিত, থাকিবেন।

এথানে বালার্ক ও ইন্দুর অর্থ চক্র ও শব্ধ করিলাম সোসাইটীর মুদ্রিত পুস্তকে ঐরূপ লেথা আছে বলিয়া। অগ্নিপুরাণ পদ্মপুরাণ ও সিদ্ধার্থ সংহিতা অনুসারে—

চতুর্বিংশতি-মৃর্ক্তির নাম ও রূপ।
নাম দক্ষিণাথঃ দক্ষিণোর্দ্ধ বামোর্দ্ধ বামাথঃ প্রমাণ-গ্রন্থ
১। কেশব পদ্ম শঙ্খ চক্র গদা অধি, পদ্ম

(১) মুক্তিত হেমাজির মূলে আছে—"চর্মসীরবরাবিন্দু বামে চ বনমালিনঃ," এবং নিমে পাঠান্তরক্রপে "বামে চ" হলে "চাপে চ" বলিয়া ধরা
আছে। আমি এখানে পাঠান্তরের পাঠকেই মূলের পাঠকেপে গ্রহণ করিলাম।
কারণ ইহা চাপে না হইরা বামে হইলে আবার বামহন্তেষু এই পদের অর্থ হয়
না এবং আট হাতের আটিটা ক্রব্যুও পাওয়া বায় না।

नाम किक्नांधः किल्लांक वारमार्क वामाधः अमान-श्रह ২।নারায়ণ ∫ শঙ্থ পল গদা চক্ৰ⊷ অবি, পল পল্ম শঙ্থ গদা চক্ৰ…দিকাৰ্থ ৩। মাধব গদা চক্ৰ শঙ্খ পলা⊹অলি,পদা, দিহাৰ্থ ৪।গোবিন্দ চক্র গদা পদা শঙ্খ... " গদা পদা শঙ্থ চক্র ... অগ্নি, পদা ৫। বিষ্ণু ু শঙ্**থ গদা পদ্ম চক্ৰ.. সিদ্ধা**ৰ্থ ৬।মধুস্দন শৃঙ্থ চক্র পদ্ম গদা...অধি " ∫ চক্র শঙ্থ পদ্ম গদা...পদ্ম, সিদ্ধার্থ ৭। ত্ৰিকিজম ৄ পদা গদা চক্ৰ শঙ্থ… অগ্নি, পদা " ু পদা গদা শঙ্থ চক্ৰ… সিদাৰ্থ শঙ্খ চক্ৰ গদা পদা অগ্নি, পদা, সিদ্ধাৰ্থ ৮। বামন ৯। 🖺 ধর পদ্ম চক্র শাক্ষর শঙ্খ .. অগ্নি বা গদা গদা **ठिक श्रम अंद्र थः अम्**र পদ্ম চক্র গদা শঙ্খ -- সিদ্ধার্থ ুগদা চক্ৰ পদ্ম শঙ্ধ…অগ্নি, সিদ্ধার্থ পদ্ম চক্ৰ গদা শঙ্ধ…পদ্ম ১১।পল্মনাভ ় শঙ্থ পল চক্র গদা...আংলি, সিদ্ধার্থ ∫ চক্ৰ পদা শঙ্থ গদা...পদা > । দামোদর পর শঙ্থ গদা চক্র… অবি, পন্ন , পন্ন চক্র গদা শঙ্থ… সিদ্ধার্থ

		•	_	
১৩। বাস্থদে	ব) গদা	শঙ্ঝ	চক্ৰ	পদ্মঅগ্নি, সিদ্ধার্থ
v	পদ্ম	ठ क	শঙ্	र्थ भना . भन्न
১८। मक्स् न	গদা	শঙ্খ	পন্ম	· চক্রঅগ্নি, পদ্ম, দিদ্ধার্থ
১৫। প্রহ্যম) शका	Б क	শঙ্ধ	পিয়া • জ্ঞা
n	পদ্ম	শঙ্থ	চক্র	গদাপদ্ম
13) हुन	শঙ্থ	গদা	পদ্ম…সিদ্ধার্থ
>৬। অনিকৃদ্ধ		গদা	শঙ্ধ	পদ্মঅগ্নি, পদ্ম, সিদ্ধার্থ
১৭। পুরুষোত		পন্ম	শঙ্ঝ	গদা ,, ,, ,,
१८। वारशकः	দ পদ্ম	গদা	শঙ্খ	5 35 ··· ,, ,,
>৯। नृत्रिःइ ः	চক্র	পন্ম	গদা	শঙ্খঅগ্নি
,,	অসি	পদ্ম	গদা	শঙ্ৰ…পদ্ম
١,	চক্র	পদ্ম	শঙ্থ	· · · · · · · · · · · · · · · · · · ·
२•। অ চ্যুত	গদা			শঙ্ধঅগ্নি, পদ্ম, দিদ্ধার্থ
২১। উপেক্স	শঙ্ধ		ক	পদ্ম অগ্নি (পদ্মপুরাণে
	}			ইঁহার উল্লেখ নাই)
33	পদ্ম	গদা	চক্র	শঙ্ খ িসিদ্ধার্থ
२२। জनार्षन	পদ্ম	চক্ত ∗	াঙ ্খ	গদাঅগ্নি, সিদ্ধার্থ (পল্ল-
				প্রাণে উল্লেখ নাই)
२७। हिन्न	শঙ্থ	পদা চ	ক্র	গদাঅঘি (পলপুরাণে
}				উল্লেখ নাই
,,)	শঙ্থ	ठिख्न १	' প্র	গদাসিদ্ধার্থ
२ ৪ । কৃষ্ণ	শঙ্ৰ	গদা প	ন্ম	চক্র…অগ্নি, পদ্ম (সিদ্ধার্থ-
•				সংহিতায় উল্লেখ নাই)
				` '

অগ্নিপ্রাণ, প্রাপুরাণ ও দিদ্ধার্থ-সংহিতা অফুসারে শঙ্খাদি-ধারণে সদৃশ অথচ নামে বিসদৃশ মুর্ত্তীর ভালিকা এইরূপ হইবে:

প্রহাম, কেশব ও মাধব
অধোক্ষক, ত্তিবিক্রম ও উপেক্র
প্রাধর, দামোদর, নারায়ণ ও হৃষীকেশ
মধুস্দন, হরি, পদ্মনাভ ও পুরুষোত্তম
বাস্থদেব ও জনার্দিন

চতুর্মূর্তির বিভিন্ন রূপ নিমোক্ত রূপ হইবে:—

বাস্থদেব

- ক) বাহ্নদেব: গক্ষড়ার চ, চতুর্ত্ব (দক্ষিণাধ: পদ্ম, দক্ষিণোর্জ পদা, বামোর্জ চক্রে, বামাধ: শচ্ছা) বামকক্ষের নিম্নে বাণপুরিত তুণীর, দক্ষিণ কক্ষের নিম্নে কোষগ থড়াও ধহুক। মন্তকে কিরীট, কর্ণে কুগুল, বক্ষে শ্রীবৎসচিহ্ন ও কৌস্কভ-মণি। গলায় আজ্বাত্মলম্বিনী স্বর্ণমালা। দক্ষিণে গ্রীদেবী, বামে সরস্বতী।
 - (থ) " (ক) বাস্থদেবের মত সকলই, কেবল দক্ষিগাধঃ গদা, দক্ষিণোর্দ্ধে পদ্ম, বামোর্দ্ধে শব্ম,
 বামাধঃ চক্র এইমাক্র প্রভেদ।
 - (প) , দক্ষিণাধ: দক্ষিণোর্দ্ধে গদা, বামোর্দ্ধে ঠক্র, বামাধ: পদা। পার্শ্বচর ব্রহ্মা ও ঈশ (মহাদেব)।

- (ঘ) বাহ্নদেব: দক্ষিণাধ: পদ্ম, দক্ষিণোর্দ্ধে চক্রু, বামোর্দ্ধে শব্দ, বামাধ: গদা। পদ্মহস্তা প্রী ও বীণাহস্তা পৃষ্টি তাঁহার পার্শ্বচারিণী। এই পার্শ্ব-চারিণীরা আকারে মৃলদেবতার উক্দেশ মাত্র উচ্ছিত হইবেন।
- (ঙ) "দক্ষিণাথ: পদ্ম, দক্ষিণোর্দ্ধে চক্র, বামোর্দ্ধে শব্ধ, বামাথ: গদা। (অক্স বিশেষ কোন বিষয়ের উল্লেখ না থাকার এই বাস্থদেব অগ্নিপুরাণ ও সিদ্ধার্থসংহিতাফুসারে জনা-দ্দনও হইতে পারেন।)
- (5) দক্ষিণহস্তম্বরে শব্দ ও পদ্ম, বামহস্তম্বরে গদ।
 ও চক্র। উর্জাধ: সম্বন্ধে কোন নির্দেশ
 নাই। বিশেষত এই যে ইহার চক্র পদ্মের
 উপরে ও চক্রটী স্থ্যবিষের মত উজ্জ্বল ও
 পোলাকার। শব্দ হেমরত্নে বিভূষিত
 থাকিবে।
- (ছ) " দিহন্ত। একহাতে শৃত্যা, অপরহন্ত বরদ।
- (য়) " চতুর্জ। এক দক্ষিণহস্তে প্রফুল পক্ষ,
 অপর দক্ষিণহস্ত দেবমুখনিরীক্ষণকারিণী
 চামরধারিণী স্থলরী জ্রীমূর্ভিধারিণী গদা
 দেবীর মস্তকে অবস্থাপিত। এক বামহস্ত শব্দ, অপর বামহস্ত দেববীক্ষণতৎপর চামরধর
 বৃত্তবিক্ষারিতেক্ষণ শব্দোদর পুরুষমূর্ভিধর চক্র দেবের মস্তকে অবস্থাপিত। ইহার পদ-

ঘরের মধ্যে থাকিবেন স্ত্রীরূপধারিণী পৃথিবী, তিনি তাঁহার হস্ততলম্বরে ভগবানের পদম্ম ধারণ করিয়া থাকিবেন। ভগবান্ স্বয়ং ধারণ করিবেন কুগুল, অঙ্গদ, কৌস্তভ, কিরীট, আজাফুলম্বী কটিবাদ, আজাফুল লিম্বিী বন্মালা ও নাভিদেশলম্বী বজ্ঞো-প্রীত।

সক্ষণ

সহর্ষণ: -- চতুত্ অব। শৃথ্য, পদা, মুদল ও লাফল। কথন
বা (জা) বাস্থদেবের চক্র গদার নরনারী মৃর্তির ভার
মুদল ও লাফল নররপে নির্মিত হইবে।
বিভূজ্প ইততে পারেন; বিভূজ্পলে শৃথ্য পদা
ধাকিবে না।

প্রহ্যয়

- (ক) প্রহায়:— চতুত্ক। দক্ষিণহত্তবয়ে বজু বা চক্র ও শহ্ম বামহত্তবয়ে ধনুও গদা
- (থ) " বিভূজা। হস্তব্যে ধন্ন ও শর। পার্শচারিণী ছটা স্ত্রীমূর্তি নাভি বারতি ও প্রীতি।
- (গ) " বিভূজ। হতবারে ধনুও শব বা পার্যবারে উভারের নরমূর্তি। চতুভূজি হইলে অপের হতবারে শহাও পদা। -
- (খ) " ছিভূজ। হস্তে ধরু। থেটক ও নিস্তিংশ (খড়গ) ধারিণী পদ্মীর সহিত অবস্থিত।

অনিক্র

অনিক্ল: --- চতুর্জ; শহাপার চর্ম ও অসিধারী। অথব। দিতুজ;
চর্ম ও অসিধারী। ইংগর বামপার্মে ধ্বজপটবিশিষ্ট
ধ্বজন্ত ভাপিত থাকিবে।

বিশেষ মৃৰ্ভি

- ১। তৈলোক্যমোহন: গরুড়ার্ক্ত, অইহন্ত, দক্ষিণচতুইয়ে চক্র,
 থড়া, মুসল ও অঙ্কুশ। বামচতুইয়ে
 শহ্ম, শার্সধ্যু, গলাও পাশ। সঙ্গিনী
 পদহন্ত। লক্ষ্মী বীণাহন্তা সরস্বতী এবং
 তদতিরিক্ত দক্ষিণদিকে বিশ্বরূপ।
- ই। ইরিশক্ষরক: চতুর্মুখ, জিনেজ, বিংশন্তিভুজ। হাতে
 মুদার, পাশ, শক্তি, শুল, শর, শন্ধ, শার্স,
 গদা, পাশ (পুনর্কার), তোমর, লাঙ্গল,
 পরশু, দণ্ড, ছুরিকা, চর্মা, ক্ষেপণ, শূল, গুষ্টি
 (ছিধার ঝজা), গদা (পুনর্কার), চক্র।
 ইনি বামপার্শ্বে জলশান্ত্রিরপে অবস্থিত।
 লক্ষ্মী পাদসংবাহনকারিনী। বিমলা প্রভৃতি
 মাতৃগণ ভবপরায়ণ। নাভিপদ্ম ইইতে ব্রহ্ম।
 উথিত। পদপ্রান্তে গৌরীসমেত ক্ষ্ম ও
 লক্ষ্মীশমেত বিষ্ণু (?)।
- ৩। (ক) লক্ষীনারায়ণঃ উপবিষ্ট। সম্ভবতঃ চতুর্জ ও সেই ভূজ শৃত্যকাদিযুক্ত। বামোকস্থিত লক্ষী আলিক্ষন করিয়া আছেন। লক্ষীর হাতে পল্ল ও চামর।

(খ) লক্ষীনারায়ণ: উপবিষ্ট। চতুর্জ। শৃথাচক্রগদা-পল্ধারী। বামাক্ষে লক্ষী উপবিষ্ট।

8। नातात्रण:

পদ্মাসনে উপৰিষ্ঠ। দক্ষিণপাৰ্ষে বস্থপাত্ৰ, মাতৃলুঙ্গ (লেবু) ও স্থানপদ্মধারিণী লক্ষ্মী (সন্তবতঃ বিভূজা)
বামে চতুভূজা পৃথিবী। উর্ক্তন্তব্যর
রক্তোৎপল্যর ও অপর হন্তব্যে ধাত্তপাত্রব্য। চামর ধরিয়া বিমলাদি
শক্তিগণ ও উপস্থিত।

ব। যোগসামী: খেতপদ্মের উপর প্যাসনে উপবিষ্ট। চকু
 ঈয়য়ুদ্রিত। নাসিকাত্রে নিবিষ্টমনা:। চতু ভ্জি। উর্জ্বাহয়য়ে শহা ও চক্র। অধো চজরুর প্র প্র গ্রাধারী অধ্চ উত্তান।

७। लाक्शान: विज्ञा श्रामाशी ७ हज्याशी।

সাধারণমূর্ত্তির আর তালিকা দেওয়া নিচ্ছারোজন। পূর্ব্বোক্ত চতুর্বিংশতিমূর্ত্তি, চতুর্মূর্তি, ও বিশেষমূর্ত্তি এই তিনের সহিত বাঁহার সাদৃশ্য নাই, তিনিই সাধারণমূর্ত্তির অন্তর্গত বিষ্ণু।

উপরোক্ত বিষ্ণুষ্ঠিপরিচয়-বিষয়ক প্রমাণাবলিতে নিয়লিখিত বস্ত পরিজনবর্গ বিষ্ণুর হত্তে ও সঙ্গে দেখা যায় বলিয়া জ্ঞানা যায়। বস্তুচয়—শব্দ, চক্র, গদা, পদ্ম, শাঙ্গ ধরু, অসি, শর, থেটক, বর, বৈষয়ন্তী মালা, চর্ম্ম, মুদ্গর, পাশ, শক্তি, শৃল, ভোমর, লাঙ্গল, দণ্ড, ছুরিকা, ক্ষেপণ, ঋষ্টি, তৃণীর, পঞ্চবাণ।

পরিজ্ঞানবর্গ— গল্পী, সরস্বতী, ব্রহ্মা, ঈশ, শ্রী, পৃষ্টি, বিল্লক্ষেন, সোমেশ, ইন্দ্রাদিদেবগণ, পৃথিবী, গরুড়, গৌরী, রুজ, কেশব (?), দেবস্ত্রীগণ। ব্রহ্মবৈবর্ত্তপুরাণ প্রকৃতি থও ৬৪ অধ্যায়ন্থিত "গঙ্গা চ তুলগী চৈব দেবী নারায়ণপ্রিয়া" এই বচনামুসারে বিষ্ণুর পরিজ্ঞানের মধ্যে গঙ্গা ও তুলসীকেও দেখিতে পাওয়া বার।

প্রস্থ মধ্যে চিত্রিত প্রতিমূর্জিগুলির যথাসম্ভব পরিচয় দেওয়া যাইতেছে:—

১। পিততের। মুর্শিদাবাদ কাঁদি নিবাসী প্রীবৃক্তকিশোরী-মোহন সিংহ উত্তর রাঢ়ে সাগরদিবির নিকট উহা সংগ্রহ করিয়া পরিষদে উপহার দিয়াছেন। তদবধি এই স্থন্দর মূর্ত্তিগানি বঙ্গীর-সাহিত্য-পরিষৎ মন্দিরে আছে। ইহার হস্তচতৃষ্টয়ে প্রাদক্ষিণামু-সারে পদা গদা চক্র শব্দ স্থাপিত। সম্ভিব্যাহারিষয় পুরুষমূর্ত্তি।ইহাকে অগ্নিপুরাণ ও পদ্মপুরাণ বর্ণিত চতুর্বিংশতি মূর্ত্তির অস্তর্গত জিবিক্রম বলা ঘাইতে পারে। আবার সিদ্ধার্থ সংহিতাহ্সারে

উপেক্র ও বলা যাইতে পারে। আবার যদি (চ) বাহ্নদেবের পদ্মোপরি চক্র হাপনারূপ বিশেষ হটুকু লওয়া যায় তবে বাহ্নদেবও বনা যাইতে পারে।

- ২। পাষাণের। প্রতিসূর্ত্তি তিন থানি। ছইটি সম্পূর্ণ, অপরটির হস্ত কয়টিই ভগ্ন। ইহাদের পার্শ্বচারিণী পদ্মহস্তা শ্রী ও বীণাহস্তা পুষ্টি থাকার ইহাদিগকে (ঘ) বাফুদেব বলিয়াই নামকরণ করিলাম।
- ৩। পাষাণের। তিন খানি। ত্থানি দণ্ডায়মান, এক-থানি গরুড়ার ট্ ইহাদের বিশেষত্ব এই যে ইহাদের ত্থানি করিয়া হাত পার্শন্তিত স্ত্রী ও পুরুষমূর্ত্তির মন্তকে অবস্থাপিত। স্ক্রেরপে কে) বাহ্দদেবের সহিত না মিলিলেও ঐ স্ত্রী ও পুরুষ (জ) বাহ্দদেবে বর্ণিত স্ত্রীরূপিণী গদাদেবী ও পুংরূপ চক্রদেব, তাহা যেন শ্বতই মনে হয়: তাই উহাদের নামকরণ করিলাম (জ) বাহ্দদেব।
- ৪। পাষাপের। প্রক্জারত। দক্ষিণাের্দ্ধে গদা ও বামাের্দ্ধে স্পষ্ট দেখা যায়। দক্ষিণাধঃ ও বামাধঃ হস্তদ্ধে অব্দপ্ত পদ্ধ এবং শব্ধ। গরুড়ারত এই বিশেষত্বে ও গদা চক্রস্থাপনা মিলে বলিয়া ইহাকে (ক) বাস্থাদেব বলিয়াম।
- ৫। পাষাণের। কেবল গরুড়ার ড়ও চতু ভু জ এই বিশেষত্বে
 ইহাকেও (ক) বাস্থাদেবই বলিলাম।
- ৬। পাষাণের। পরুড়ার এই বিশেষতেই ইছাকে (ক) বাস্থদেব বলিলাম।

ত্ই হইতে ছর চিহ্নিত পাষাণ-মৃর্তিগুলি কলিকাতা ইণ্ডিরান মিউজিরমে রক্ষিত আছে। এক-চিহ্নিত পিত্তল-মৃর্ত্তি ব্যতীত সাহিত্য-পরিষদের চিত্রশালার নিম্নলিখিত ছই প্রকার বিক্ষুমৃত্তি সংগৃহীত দেখিতে পাওরা বার।

- ৭। প্রহায় বা কেশব
- ৮। ত্রিবিক্রম

প্রথমটি পিত্তলের। পরিমাণে মাত্র হুর্ত্তি × ০ । এই ক্রুমূর্ত্তি দখায়মান এবং ইনি দক্ষিণাবর্ত্তে পদ্ম শৃদ্ধ চক্র ও গদা ধারণ
করিয়া আছেন। ইহার সহচারিণী হুইটি স্ত্রী-মূর্ত্তির মধ্যে একটি
বীণা-ধারিণী অপরটি চামরগ্রাহিণী। পদাদিস্থাপনামুসারে ইহার
নামকরণ করিতে হইলে পদাপুরাণামুসারে ইহাকে প্রত্যমন্ত বলা
যার, আবার কেশবত বলা যায়। অগ্নিপুরাণ এরপ মূর্ত্তিকে
কেশবই বলিয়াছেন।

বিতীয় ত্রিবিক্রমের মৃর্তি; সাহিত্য পরিষদে এই শ্রেণীর মৃর্তি ছয়টি সংগৃহীত আছে, সকলগুলিই পাষাণনির্দ্ধিত। তর্মধ্য তিনটি শ্রীযুক্ত দীঘাপতিয়ার রাজাবাহাত্তর বরেক্র অঞ্চল হইতে, তইটি পরিষৎ-সম্পাদক উত্তর রাঢ় হইতে সংগ্রহ করিয়া দিয়াছেন; যঠমৃত্তি কলিকাতা বৌবাজারে দত্তমহাশম্বদেব বাটাতে ছিল, সেথান হইতে পরিষৎ উপহার পাইয়াছেন। সকলগুলিই প্রদক্ষিণাহসারে অয়ি ও পদ্মপ্রাণাহ্যায়িক পদ্ম গদা চক্র শহ্ম ধারণ করিয়া আছেন। সকলগুলি দণ্ডায়মান। সকলেয়ই সহচারিণী চামরগ্রাহিণী ও বীণাবাদিনী দণ্ডায়মান। সকলেয়ই সহচারিণী চামরগ্রাহিণী ও বীণাবাদিনী দণ্ডায়মানা তইটি করিয়া স্ত্রীমৃর্তি। এই মৃর্তিগুলির মধ্যে চারিটি বেশ অক্ষত; অপর তইটির একটিয় দক্ষিণাধ্য ও অপরটির দক্ষিণাধ্য, বামোদ্ধ ও বামাধ্য হস্ত ভয়। এরূপ ভয়হন্ততাসত্ত্বেও উহাদিগকে পদ্ম গদা চক্র শহ্মধারী বলিয়াই মনে করিবার বেশ লক্ষণ দেখিতে পাওয়া বায়। একটি অক্ষত মৃর্ত্তির চিত্র দেওয়া গেল।

পরিশিষ্ট

আমি অনন্তশায়িনী কোন বিষ্ণুমৃত্তির উল্লেখ করি নাই।
আমার বর্তমান প্রবন্ধের উপজাব্য প্রমাণ গ্রন্থগুলিতে ঐক্প
কোন উল্লেখ নাই। বলিতে ইচ্ছা করি না যে অনন্তশায়িনী
বিষ্ণুমৃত্তি অপ্রামাণিক। প্রমাণ কতটুকুই বা সংগ্রহ করা
হইয়াছে! তা ছাড়া কলিকাতা যাত্বরে ঐ জাতীয় একটি
মৃত্তি বিজ্ঞমান থাকায় কেন যে এতগুলি প্রমাণগ্রন্থে ইহার উল্লেখ
পাইলাম না ভজ্জ্জ্ঞ বিশ্বিভ হইতে হয়। যখন সশরীরে উহাকে
পাইয়াছি, তখন এই 'বিষ্ণুমৃত্তিপরিচয়' গ্রন্থে উহার স্থান পাইবার
যোগ্যতা আছে।

এ মৃর্ত্তিথানি ইষ্টকের (terra cotta'র)। সর্পরিপী অনন্তের বিস্তৃত ফণার অন্তরাকে মাথা রাথিয়া ভগবান্ বিষ্ণু অনন্তের শরী-রের উপর অর্নশ্রানরিপে অবস্থিত। নাভিক্ষণ হইতে ব্রহ্মা সম্থিতরূপে পরিদ্রাধান। সন্মুথে মুদ্গর হত্তে পুরুষদ্ম দণ্ডায়-মান। ইহার পরিমাণ ১৯ × ৯ × ২ : . ৭৫।

এখানি পাওরা গিয়াছে ভিতরগাঁও নামক গ্রামে। ভিতর-গাঁও কানপুরসহরের বিংশতি মাইল দক্ষিণ। জেনেরাল্ কানিংহাম ইংরাজী ১৮৮২ সালে যাত্মরে ইহা প্রদান করেন। কানিংহামের মতে কুলপুর নামক কোন এক প্রাচীন নগরের মধ্যবর্তী স্থানই এই ভিতরগাঁও অর্থাৎ অভ্যন্তরন্থ গ্রাম। ভিতরগাঁওর পূর্ব্বদিকে একটি বৃহৎ ইষ্টকনিম্মি মন্দির,—আছে; উক্ত জেনেরাল বলেন উত্তরজারতে ইহাই একমাত্র প্রাচীন ইষ্টকমন্দির। এই মন্দিরের সাত আট ফিট্ উচ্চে আড়াই ফিট্

ইহা অন্তত্ম, কানিংহাম সাহেব ইহার নির্মাণ প্রাালী দেখির।
ইহাকে বৃদ্ধগরার প্রাচীন ইষ্টক মন্দিরের রচনার সমসাময়িক
অনুমান করিয়াছেন। সপ্তম বা অষ্টম শভান্দীতে বা তাহারও কিছু
পূর্ববর্তী সময়ে ইহার প্রাণম আবির্ভাব (আর্কিওলজিকল্ সর্ভেরিপোর্ট বালাম ১১ পত্ত ৪০—৪৬)। কানিংহাম্ সাহেব যথন
দেখেন তথন মন্দির দ্ঞার্মান থাকিলেও ইহার অনেক অংশ
পভিয়া গিয়াছিল।

ভিতরগাঁওর মন্দিরটি অত প্রাচীন কালের হইলে সেই মন্দিরন্থিত এই অনস্তশান্নিনী বিষ্ণু-মৃর্স্তিও সেই সপ্তম বা তাহারও পূর্ব্ববর্তী শতাব্দীর হয়।

গন্ধার বিষ্ণুপদ মন্দিরের প্রাক্তণে অনন্তশায়িনী কয়েকটি বিষ্ণুমূর্ক্তি আছে। এই মূর্ত্তিগুলি সকল বিষয়ে পূর্ব্ববর্ণিত মূর্ত্তির অনুক্রপ; প্রভেদের মধ্যে এই যে এগুলি প্রস্তরনির্দ্মিত ও ভিতর-গাঁওমূর্ত্তির অনেক পরবর্তী। বিষ্ণুপদ মন্দিরের প্রাক্ষণস্থিত মূর্ত্তিগুলি বাঙ্গালার পালবংশের অধিকারকালে নির্দ্মিত বলিয়া অনুমান হয়। শতবর্ধ পূর্ব্বে ডাক্তার বুকানন হামিল্টন্ এইরূপ মূর্ত্তির চিত্ত তাঁহার গ্রন্থে প্রকাশ করিয়াছিলেন। কোন আধুনিক গ্রন্থে ভিক্ত বিষ্ণুমূর্ত্তির চিত্ত বা বিবরণ নাই।

কলিকাতা বাহ্বরের প্রস্নতত্ত্ব সংক্রান্ত বিভাগের অন্তত্ত্ব প্রধান কর্মচারী সোদরপ্রতিম শ্রীমান্ রাথালদাস বন্দ্যোপাধ্যার এম্, এ, আমার এই প্রবন্ধের জন্মই প্রস্থে চিত্রিত প্রতিমৃত্তিগুলির ফটোগ্রাফ প্রস্তুত করিয়া আমাকে ক্রতজ্ঞতাপাশে আবদ্ধ করিয়া-ছেন। গ্রার মৃত্তিগুলিরও বিবরণ তাঁহার নিকটেই পাইয়াছি।



)। ত্রিবিক্রম, উপেক্র অথবা বাস্কদেব (চ.



२। প্রথম—বাস্থদেব (ঘ)




२। विजीय- वास्ट्राव (व)



২। তৃতীয়—বাস্থদেব (ষ)



৩। প্রথম—বাহ্নদেব (জ)




৩। দ্বিতীয়—বাস্থদেব (জ



৩। তৃতীয়—বাহ্নদেব (জ)



৪। বাস্থদেব (ক)





৬ ৷ বাস্থদেব (ক)



৭। প্রহায় অথবা কেশব।



া ত্ৰিকিন্দাৰ স্থান

মহিয়াড়ী সাধারণ পুস্তকার্চ

निस्तातिण मित्नत भतिएश भव

বর্গ সংখ্যা

পরিগ্রহণ সংখ্যা

এই পুস্তকখানি নিমে নির্দ্ধারিত দি

গ্রন্থাগারে অবশ্য ফেরত দিতে হইবে। নতুবা মাসিক

জ্বরিমানা দিতে হইবে।

নিৰ্দ্ধারিত দিন	নিৰ্দ্ধারিত দিন	নিৰ্দ্ধারিত দিন
28822		